Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-101**
বিষয়: **ভর্তি, পুনঃর্ভর্তি, বদলি, এবং সকল শিক্ষার্থীর জন্য লিস্ট নোটিশ**
শ্রেণি: **শিক্ষার্থী**
ইস্যুর তারিখ: **17 ফেব্রুয়ারি, 2022**

## পরিবর্তনের সারাংশ

- ছেলেমেয়েদের NYC স্কুল ডিস্ট্রিক্ট-এ ফিরে আসা এবং যেসব ছেলেমেয়ে কোনো আদালত নির্দেশিত কাঠামো, কাস্টোডিয়াল ব্যবস্থা, এবং চিকিৎসা ব্যবস্থা থেকে ফিরে আসা ছেলেমেয়েদের অধিকার সংশোধন করে (§§ III, III.A.1-3, III.C.1-2, III.D.1, VII.E.3)।

NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-101**
বিষয়: **ভর্তি, পুনর্ভর্তি, বদলি, এবং সকল শিক্ষার্থীর জন্য লিস্ট নোটিশ**
শ্রেণি: **শিক্ষার্থী**
ইস্যুর তারিখ: **17 ফেব্রুয়ারি, 2022**


**পরিবর্তনের সারাংশ** ........ 1

**সারসংক্ষেপ** ........ 3

I. **ভূমিকা** ........ 3

II. **ভর্তি ও এনরোলমেন্টের নিয়ম** ........ 9

III. **পুনঃভর্তি** ........ 18

IV. **বদলি (ট্রান্সফার)** ........ 20

V. **প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের ভর্তি ও এনরোলমেন্টের নিয়ম** ........ 25

VI. **বাসস্থানের ঠিকানা নিশ্চিত হওয়া ও যাচাই করা** ........ 26

VII. **বিশেষ পরিস্থিতি** ........ 29

VIII. **লিস্ট নোটিস** ........ 35

IX. **ছাড় প্রদান** ........ 36

X. **অনুসন্ধান** ........ 36

NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-101**
বিষয়: **ভর্তি, পুনঃর্ভর্তি, বদলি, এবং সকল শিক্ষার্থীর জন্য লিস্ট নোটিশ**
শ্রেণি: **শিক্ষার্থী**
ইস্যুর তারিখ: **17 ফেব্রুয়ারি, 2022**


**সারসংক্ষেপ**

এই প্রবিধান 31 মার্চ, 2020 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-101 কে রহিত করে। এটি নিউ ইয়র্ক সিটির (NYC) প্রশাসনিক ডিস্ট্রিক্ট 1-32 ও ডিস্ট্রিক্ট 75 স্পেশালাইজড্ স্কুল ও প্রোগ্রাম, উভয় স্কুল ডিস্ট্রিক্ট-এর শিক্ষার্থীদের ভর্তি, অব্যাহতি, এবং বদলির নিয়ম প্রতিষ্ঠা করে, যদি না অন্য কোনোভাবে উল্লেখ করা থাকে।


## I. ভূমিকা

A. অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট প্রশাসনিকভাবে NYC স্কুল ডিস্ট্রিক্ট-এর অধীনস্ত সবগুলো ডিস্ট্রিক্ট 1-32 স্কুলের ভর্তি ও এনরোলমেন্ট পলিসি এবং প্ল্যানিং-এর একক কর্তৃত্ব ও দায়িত্ব নিয়ন্ত্রণ করে। ডিস্ট্রিক্ট 75 এবং ডিস্ট্রিক্ট 79-এর সুপারিনটেনডেন্টগণ তাদের নিজ নিজ ডিস্ট্রিক্টগুলোর অধীনস্থ সকল স্কুল ও প্রোগ্রামের ভর্তি ও এনরোলমেন্ট পলিসি এবং প্ল্যানিং-এর একক কর্তৃত্ব ও দায়িত্ব নিয়ন্ত্রণ করেন।

B. সংজ্ঞা:

এ প্রবিধানের প্রাসঙ্গিক উদ্দেশ্যের ক্ষেত্রগুলোতে:

1. **ভর্তি (অ্যাডমিশন্স)** বলতে বুঝায় আবেদন প্রক্রিয়া যার মাধ্যমে পরিবারসমূহ পরবর্তি শিক্ষা বছরে কোনো স্কুল বা প্রোগ্রামে একটি ভর্তির অফার লাভের জন্য তাদের স্কুল বা প্রোগ্রাম বাছাইয়ের অগ্রাধিকার জমা দেন।
2. **DOE (ডিওই)** বলতে বুঝায় NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন।
3. **DOE স্কুল** বলতে বুঝায় NYC স্কুল ডিস্ট্রিক্টগুলোর অধীনস্থ কোনো স্কুল, যার অভ্যন্তরে আছে ডিস্ট্রিক্ট 1-32 স্কুলসমূহ এবং ডিস্ট্রিক্ট 75-এর অভ্যন্তরস্থ স্কুল ও প্রোগ্রামসমূহ।
4. **এনরোলমেন্ট** বলতে বুঝায় নির্ধারিত স্কুলে রেজিস্ট্রেশন সম্পন্ন করা এবং ছেলেমেয়েকে স্কুল তার সিস্টেমের রেজিস্টারে ছেলেমেয়েকে স্থান দেওয়া, প্রকৃতপক্ষে সেটা হলো স্কুলটিতে ছেলেমেয়ের অংশগ্রহণ করা।
5. **পিতামাতা (প্যারেন্ট)** শব্দের দ্বারা ছেলেমেয়ের পিতামাতা বা অভিভাবক, কিংবা অন্য যে ব্যক্তির সাথে সন্তানের পিতামাতাসূলভ বা তত্ত্বাবধানমুলক সম্পর্ক রয়েছে, এমন ব্যক্তিকে বুঝায়। জন্ম বা দত্তক পিতামাতা, সৎ পিতামাতা, আইন দ্বারা নিযুক্ত অভিভাবক, পালক পিতামাতা, এবং বর্তমানে

স্কুলে পড়ছে এমন সন্তানের সাথে "পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি"। "পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি" দ্বারা এমন কোন ব্যক্তিকে বুঝান হয়, যিনি পিতামাতার মৃত্যু, কারাদণ্ড, মানসিক অসুস্থতা, স্টেটের বাইরে অবস্থান, সন্তানকে পরিত্যাগ করা বা এরকম অন্য কোন কারণে সন্তানের কাছে পিতামাতা বা অভিভাবক উপস্থিত না থাকায় তার দায়িত্ব গ্রহণ করেছেন।

6. **সাময়িক রেজিস্ট্রেশন (প্রভিশন্যাল রেজিস্ট্রেশন)** বলতে বুঝায় সকল ডকুমেন্ট উপস্থাপন না করার বা ডকুমেন্টের বৈধতা কিংবা ছেলেমেয়ের স্কুলটিতে ভর্তির যোগ্যতা সংক্রান্ত পরিস্থিতি সম্পর্কে কোনো প্রশ্ন থাকা সত্ত্বেও কোনো স্কুল কর্তৃক কোনো ছেলেমেয়েকে সিস্টেমে রেজিস্টার করা।

7. **রেজিস্ট্রেশন (নিবন্ধন)** বলতে বুঝায় পিতামাতা কর্তৃক জন্মের প্রামাণ্য ডকুমেন্ট ও ঠিকানার প্রমাণসহ আবশ্যিক ডকুমেন্ট উপস্থাপনের নিয়ম মেনে, সেকশন VII-এ উল্লিখিত ব্যতিক্রম সাপেক্ষে, কোনো একটি ছেলেমেয়ের কোনো একটি স্কুলে ভর্তি হওয়ার যোগ্যতা নিশ্চিত করার এবং ছেলেমেয়েটিকে সিস্টেমের রেজিস্টারে ছেলেমেয়েকে অন্তর্ভুক্তির পদক্ষেপসমূহ।

8. **বদলি (ট্রান্সফার)** বলতে বুঝায় নিচে সেকশন IV-এ প্রদত্ত শ্রেণীগুলোর রূপরেখা অনুযায়ী কোনো ছেলেমেয়ের বর্তমান DOE স্কুল ত্যাগ করা এবং ভিন্ন একটি DOE প্রবেশ করা। যে ছেলেমেয়ে বদলি হয়, তাকে NYC স্কুল ডিস্ট্রিক্ট থেকে অব্যাহতি দেওযা হয় না।

9. **জোন স্কুল (আঞ্চলভিত্তিক স্কুল)** বলতে বুঝায় এমন স্কুলকে যেটি সেসব ছেলেমেয়েদের প্রথম অগ্রাধিকার দেয় যারা "জোন" হিসেবে সংজ্ঞায়িত নির্দিষ্ট ভৌগলিক এলাকায় বসবাস করে। একটি জোন স্কুল কোনো একটি স্কুলের জন্য নির্দিষ্ট জোন-এ (অঞ্চলে) বসবাসকারী ছেলেমেয়েদের পরিষেবার সুযোগ দেয় সেই নির্দিষ্ট জোন-এর বাইরের ছেলেমেয়েদের আগে, এর ব্যতিক্রম হলো প্রি-K ভর্তিতে, যে ক্ষেত্রে বর্তমানে সে স্কুলের 3-K প্রোগ্রামে ভর্তি থাকা আবেদনকারী ছেলেমেয়েরা অন্যান্য জোনভুক্তদের চাইতে অগ্রাধিকার পাবে। নতুন জোনভুক্ত ছেলেমেয়েরা খালি আসন পাওয়া সাপেক্ষে তাদের জোন স্কুলে রেজিস্টার ও এনরোলড্ হওয়ার অধিকার রাখে।

C. স্কুলে ভর্তি

1. ছেলেমেয়েদেরকে জাতি, বর্ণ, কৃষ্টি, রাষ্ট্রিক পরিচয়, লিঙ্গ (পুরুষ/নারী), লিঙ্গ পরিচয়, গর্ভাবস্থা, বৈদেশিত্ব, নাগরিকত্বের অবস্থা, প্রতিবন্ধিতা, যৌন পক্ষপাত, ধর্ম, ওজন বা জাতিগত পরিচয়ের ভিত্তিতে DOE স্কুলে ভর্তি অথবা এনরোলমেন্ট করতে অস্বীকার করা যাবে না।

2. ভর্তির পঞ্জিকা বছরে যে ছেলেমেয়ের তৃতীয় জন্মদিন হবে,, সে ছেলেমেয়ে 3-K প্রোগ্রামে ভর্তির যোগ্য, (ভর্তির অগ্রাধিকার ( (সেকশন II.B দেখুন) ও আসন লভ্যতাসাপেক্ষে)।

3. যেসব ছেলেমেয়ের চতুর্থ জন্মদিন ভর্তির ক্যালেন্ডার বছরের মধ্যে পড়ে তাদেরকে প্রি-কিন্ডারগার্টেন (প্রি-K)-তে ভর্তি করতে হবে (নির্ধারিত স্কুলসমূহের ভর্তির অগ্রাধিকার (সেকশন II.C দেখুন) ও খালি সিট সাপেক্ষে)।

4. যেসব ছেলেমেয়ের পঞ্চম জন্মদিন ভর্তির ক্যালেন্ডার বছরের মধ্যে পড়ে তাদের জন্য কিন্ডারগার্টেনে ভর্তি হওয়া বাধ্যতামূলক, সেটি এইসব ছেলেমেয়ে প্রথমবারের মত স্কুলে ভর্তি হোক বা অন্য স্কুল থেকে বদলি নিয়ে থাক, এর ব্যতিক্রম হবে যদি এসব ছেলেমেয়েকে কোন DOE স্কুলে কিনডারগার্টেনে ভর্তি না করা আবশ্যক হয়:

a. তাদের পিতামাতা ঠিক করেছেন তাদেরকে পরের শিক্ষা বছরে গ্রেড 1-এ 6 বছর বয়স্ক হিসেবে ভর্তি করবেন; অথবা

b. তারা কোনো বেসরকারি স্কুলে এনরোলড্ বা যদি তাদের পিতামাতা তাদেরকে DOE-এর অফিস অভ হোম স্কুলিং রেজিস্টার করে থাকেন।

যেসব ছেলেমেয়ের 6 তম জন্মদিন ভর্তি নির্দিষ্ট ক্যালেন্ডার বছরে হয় এবং যে বর্তমানে কোনো DOE স্কুলে এনরোলড্ নয় বা DOE অফিস অভ হোম স্কুলে রেজিস্টার্ড নয়, তাদেরকে অবশ্যই গ্রেড 1এ ভর্ত করতে হবে।

5. শিক্ষার্থীদের 5 বছর বয়স থেকে স্কুলে ভর্তি হতে হয়, উপরের 4a এবং 4b এর ব্যতিক্রম। যে স্কুল বছরে শিক্ষার্থীর বয়স 17 বছর হয় তার শেষদিন অবধি তাকে স্কুলে ভর্তি থাকতে হয় এবং, যদি হাই স্কুল তার ডিপ্লোমা মঞ্জুর না হয়, তারা যে স্কুলবছরে সে 21 বছর বয়সী হবে, তার শেষদিন অবধি সে স্কুলে থাকতে পারে, এমন কি তাদের কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (প্রারম্ভিক প্রশংসাপত্র) থাকলেও।

D. গ্রেডের ভর্তির নীতি

1. কিন্ডারগার্টেন হচ্ছে NYC স্কুল ডিস্ট্রিক্ট-এর প্রবেশিকা গ্রেড। শুধু যেসব ছেলেমেয়ের বয়স কোনো নির্দিষ্ট ক্যালেন্ডার বছরে 5 বছর হয়, তারা কিন্ডারগার্টেনে রেজিস্টার্ড হবে। যেসব ছেলেমেয়ের বয়স নির্দিষ্ট ক্যালেন্ডার বছরে 6 হবে, তারা রেজিস্টার্ড হবে 1 গ্রেডে।

2. ছেলেমেয়েকে যেখানে তার বয়স অনুযায়ী 1 গ্রেডে ভর্তি হওয়া বাধ্যতামূলক, কিন্তু প্রিন্সিপ্যাল যদি মনে করেন অন্য গ্রেডে ভর্তি হলে তার লেখাপড়া করা অধিকতর উপযুক্ত হবে, তাহলে প্রিন্সিপ্যাল তার ভর্তির গ্রেড স্তর নিয়ে সুপারিনটেনডেন্ট-এর সাথে কথা বলবেন এবং ডাক্তারি বা অন্য মূল্যায়নমূলক নথি উপস্থাপন করবেন, যা অন্যত্র ভর্তির যৌক্তিকতা প্রমাণের জন্য পিতামাতা সরবরাহ করেছেন। সুপারিনটেনডেন্ট সে সন্তানের উপযুক্ত গ্রেড নির্ধারণের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

3. NYC স্কুল ডিস্ট্রিক্ট-এ নবাগত ছেলেমেয়েদেরকে গ্রেড 2 থেকে গ্রেড 12 পর্যন্ত ভর্তি করা হবে ছেলেমেয়ের সর্বশেষ স্কুল থেকে লভ্য শিক্ষাগত রেকর্ড অনুযায়ী যা উপস্থাপন করা হয় রেজিস্টার করার সময়।

4. যেসব ছেলেমেয়ে NYC স্কুল ডিস্ট্রিক্ট-এ নবাগত এবং যাদের শিক্ষাগত রেকর্ড নেই বা যাদের শিক্ষাগত রেকর্ড দুই শিক্ষা বছর পুরনো, তাদের গ্রেড নির্ধারণ করা হবে নিম্নলিখিতভাবে:

a. সাময়িকভাবে ছেলেমেয়েকে তাদের বয়স অনুযায়ী রেজিস্টার করা হবে; হাই স্কুল বয়সীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা বছরের সমাপ্তের আগে (30 জুন বা তার আগে) ছেলেমেয়ের বয়স 15 হয়, তাহলে ছেলেমেয়েকে গ্রেড 9-এ রেজিস্টার করা হবে।

b. অন্য কোনো গ্রেডে স্থান দেওয়া শিক্ষানির্দেশনাগত বিবেচনায় অধিক উপযুক্ত হবে কি না, সেটা প্রিন্সিপ্যাল মূল্যায়ন করবেন। প্রিন্সিপ্যাল সুপারিনটেনডেন্ট-এর সাথে পরামর্শ করবেন এবং কোন সুপারিশ থাকলে তার পক্ষে প্রমাণ উপস্থাপন করবেন। সুপারিনটেনডেন্ট সে সন্তানের উপযুক্ত গ্রেড নির্ধারণের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

c. যদি প্রিন্সিপ্যাল বাড়তি বা নতুনতর শিক্ষাগত রেকর্ড লাভ করেন, তাহলে তারা গ্রেড নির্ধারণে সামঞ্জস্যবিধান করবেন।

5. যেসব ছেলেমেয়েকে NYC স্কুল ডিস্ট্রিক্ট থেকে অব্যাহতি দেওয়া হয়েছিল এবং NYC স্কুল ডিস্ট্রিক্ট-এ পুনরায় ফিরে আসবে, তাদেরকে শিক্ষাগত রেকর্ডের ভিত্তিতে স্কুল ডিস্ট্রিক্ট-এ স্থান দেওয়া হবে। ছেলেমেয়েটি যে শিক্ষা বছরে অব্যাহতি লাভ করেছিল, সেই একই শিক্ষা বছরেই যদি ফিরে আসে এবং তার শিক্ষাগত রেকর্ড অন্যত্র গ্রেড পর্যায়ের অর্জন প্রতিফলিত করে, তাহলে সে ছেলেমেয়েকে পরবর্তী শিক্ষা বছরের জন্য রেজিস্টার করা হবে।

E. আবাসনসংক্রান্ত শর্ত

1. DOE স্কুলে ভর্তির অধিকার পেতে হলে, সেকশন VII.B এবং VII.C-এর ব্যতিক্রম ছাড়া, সকল ছেলেমেয়েকে অবশ্যই NYC-এর বাসিন্দা হতে হবে। যে ছেলেমেয়ের প্রাথমিক বাসস্থান NYC-এর বাইরে তাকে চ্যান্সেলরের প্রবিধান A-125 অনুসারে DOE স্কুলে ভর্তির জন্য বিবেচিত হতে অবশ্যই অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্টে আবেদন করতে হবে।

2. সকল পিতামাতাকে তাদের নিবন্ধন করার পর তাদের সন্তানের জন্য অবশ্যই একটি বাসস্থান-সংক্রান্ত প্রশ্নাবলী পূরণ করতে হবে। কোন ছেলেমেয়ে অস্থায়ী আবসনে বসবাস করছে বলে চিহ্নিত হলে থাকে অবশ্যই স্টুডেন্টস ইন টেমপোরারি হাউজিং প্রোগ্রামে পাঠাতে হবে। হাউসিং প্রশ্নাবলী যার সাথে সংযুক্ত আছে *ম্যাকিনি-ভিন্টো অ্যাক্ট* গাইড ফর প্যারেন্ট অ্যান্ড ইয়ুথ দেখুন।

3. কে-12 গ্রেডের যেসব ছেলেমেয়ে NYC-এর অভ্যন্তরে যে নিজেদের বাসস্থান পরিবর্তন করে, তাদের স্কুলের শেষ গ্রেড সম্পন্ন না হওয়া অবধি বর্তমান স্কুলে এনরোলড্ থেকে যাওয়ার অধিকার রয়েছে। চ্যান্সেলরের প্রবিধান A-450-এ প্রতিষ্ঠিত পদ্ধতির সঙ্গে সঙ্গতিপূর্ণ ক্ষেত্র ছাড়া শৃঙ্খলাভঙ্গজনিত বা অ্যাকাডেমিক সমস্যাজণিত কারণে ছেলেমেয়েদেরকে তাদের জোন বা বসবাসের ডিস্ট্রিক্টভুক্ত স্কুলে বদলি করা যাবে না।

4. সেসব ছেলেমেয়ের পিতামাতা সন্তান এনরোল থাকা অবস্থায় NYC-এর অভ্যন্তরে স্থানান্তরিত হন এবং তাদের নতুন ঠিকানা তাদের বর্তমান স্কুল জোন বা ডিস্ট্রিক্ট-এর বাইরে হোক, তারা নিয়মিত অংশগ্রহণ কিংবা সময়ানুবর্তিতার ব্যাপারে দায়বদ্ধ থাকবেন। ছেলেমেয়েরা চ্যান্সেলরের প্রবিধান A-801 নিয়মের বাইরে হলুদ বাস পরিবহনের যোগ্যতা লাভ করবে না এবং ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)-তে লিখিত অধিকারের বাইরে স্পেশালাইজড্ ট্রান্সপোর্টেশন লাভের যোগ্য হবে না। যদি অনুপস্থিতি এবং/অথবা বিলম্বের ঘটনা বেড়ে যায়, তাহলে স্কুলকে পরিবারের সাথে নিয়মিত উপস্থিতি ও সময়ানুবর্তিতা বৃদ্ধিতে সাহায্য-সহায়তা দেওয়ার জন্য কাজ করতে হবে।

a. তবে, যদি মাত্রাতিরিক্ত অনুপস্থিতি এবং/অথবা বিলম্ব অব্যাহত থাকে, এবং শিক্ষার্থীর ভালোর জন্য প্রিন্সিপ্যাল শিক্ষার্থীকে এমন একটি স্কুলে বদলি করার প্রক্রিয়া শুরু করতে পারেন যে স্কুলটিতে শিক্ষার্থী নতুনভাবে জোন অথবা অন্য একটি স্কুলে যেটা তার বর্তমান বাসস্থানের কাছাকাছি। প্রিন্সিপ্যালকে অবশ্যই বরো অফিস পয়েন্ট পারসনের কাছে, কিংবা ডিস্ট্রিক্ট 75 স্কুলের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 অফিসে ছেলেমেয়ের মাত্রাতিরিক্ত অনুপস্থিতি এবং/অথবা বিলম্বের দালিলিক প্রমাণের পাশাপাশি নিয়মিত উপস্থিতিতে সহায়তা দেওয়ার জন্য ছেলেমেয়ে এবং তার পরিবারের সঙ্গে কাজ করার জন্য প্রচেষ্টাগ্রহণের প্রামাণিক

কাগজপত্র দাখিল করতে হবে। বরো অফিস পয়েন্ট পারসন বা ডিস্ট্রিক্ট 75 অফিস দাখিলকৃত দালিলিক প্রমাণ বাসস্থান বদলের আগের ও পরের উপস্থিতি এবং বিলম্বে উপস্থিতির তুলনামূলক খতিয়ান এবং ছেলেমেয়ের উপস্থিতির বাড়াতে সহায়তার জন্য স্কুলের প্রচেষ্টার দালিলিক প্রমাণ পর্যালোচনা করবেন।

b. ডিস্ট্রিক্ট 1-32 স্কুলগুলোর জন্য: যদি বরো অফিস পয়েন্ট পারসন নিশ্চিত করেন যে উপস্থিতি ও সময়ানুবর্তিতার অবস্থা খারাপ হয়েছে, তাহলে তিনি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের এক্সিকিউটিভ ডিরেক্টর বা ডিরেক্টরের কাছে নতুন প্লেসমেন্টের জন্য অনুরোধ জানাবেন। ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামের জন্য: ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস উপস্থিতি ও সময়ানুবর্তিতার অবস্থা খারাপ হলে তা নিশ্চিত করবে এবং নতুন একটি ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে যাওয়ার জন্য ব্যবস্থা করবে।

c. প্রিন্সিপ্যাল কর্তৃক পিতামাতাকে অবশ্যই লিখিতভাবে অবহিত করতে হবে যে ছেলেমেয়েকে বদলি করা হচ্ছে। ডিস্ট্রিক্ট 1-32 স্কুলগুলোর জন্য: বরো অফিসের পয়েন্ট পারসনের কাছে থেকে নিশ্চয়তা পাওয়ার পর অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট ছেলেমেয়ের বদলি নিষ্পন্ন করবেন এবং জোনভুক্ত অথবা নির্ধারিতে একটি স্কুল কিংবা অপর কোন যথোপযুক্ত স্কুল যেখানে যাওয়ার যোগ্যতা ছেলেমেয়ের আছে তার রেজিস্টারে শিক্ষার্থীর নাম তুলবেন ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামের জন্য: ডিস্ট্রিক্ট 75 অফিস পিতামাতার কাছে নতুন প্লেসমেন্টের ব্যাপারে বিজ্ঞপ্তি পাঠাবেন এবং পিতামাতাদেরকে রেজিস্টার করার সুপারিশ দেবেন।

d. অস্থায়ী বাসস্থান এবং প্রযত্ন প্রদানকারীর তত্ত্বাবধানে থাকা ছেলেমেয়েদেরকে ট্রান্সফার করা যাবে না, যদি না সেকশন VII.B (অস্থায়ী বাসস্থানে থাকা শিক্ষার্থীদের জন্য) এবং সেকশন VII.C (প্রযত্ন প্রদানকারীর তত্ত্বাবধানে থাকা ছেলেমেয়েদের জন্য)-এ প্রদত্ত বিধান অনুযায়ী এটি নির্ধারিত হয় যে স্কুল পরিবর্তন করা হচ্ছে ছেলেমেয়ের সর্বোচ্চ স্বার্থ নিশ্চিত করার জন্য।

F. রেজিস্ট্রেশনের নিয়ম

1. কোনো ছেলেমেয়েকে একটি DOE স্কুলে রেজিস্টার করার জন্য পিতামাতাদের অবশ্যই সশরীরে উপস্থিত থাকতে হবে, যদি না ছেলেমেয়েটি স্বনির্ভর ছেলেমেয়ে, 18 বছর বা অধিক বয়স্ক, কিংবা কোনো সঙ্গীহীন যুবক-যুবতী হয় (সেকশন VII.A)।

    a. যদি ছেলেমেয়েকে রেজিস্টারকারী ব্যক্তি পিতামাতা না হন, তাহলে সে ব্যক্তিকে অবশ্যই একটি নন প্যারেন্ট কাস্টোডিয়ান অ্যাফিডেভিট (পিতামাতা-নন এমন তত্ত্বাবধায়কের হলফনামা) পূরণ করতে হবে এবং সেটা স্কুলে, ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে, কিংবা ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রাম অফিসে জমা দিতে হবে, এবং যদি সেটা থাকে, তাহলে প্যারেন্ট অ্যাফিডেভিট (পিতামাতার হলফনামা) অবশ্যই দিতে হবে। স্বাধীন অপ্রাপ্ত বয়স্ক, 18 বছর বা ততোধিক বয়সী ছেলেমেয়ে, এবং সঙ্গীহীন তরুণ-তরুণীদের ক্ষেত্রে নন প্যারেন্ট কাস্টোডিয়ান অ্যাফিডেভিট বা নোটারিকৃত বিবৃতি অথবা প্যারেন্ট এফিডেভিট জমাদানের অবশ্যিকতা নেই (সেকশন VII.A দেখুন)।

b. যদি ছেলেমেয়েকে রেজিস্টার করতে আসা ব্যক্তির অবস্থান সম্পর্কে কোন প্রশ্ন থাকে, তাহলে সে ব্যক্তির সাথে ছেলেমেয়ের সম্পর্ক কি, স্কুলের জন্য সে তদন্ত মুলতবি রেখে স্কুলটিকে অবশ্যই ছেলেমেয়েকে রেজিস্টার করতে হবে।

2. উপস্থিত ব্যক্তিকে যা যা উপস্থাপন করতে হবে:

a. যাচাইযোগ্য ঠিকানার প্রমাণ (দ্রষ্টব্য সেকশন VI);

b. সন্তানের বয়সের প্রমাণ, যেমন বার্থ সার্টিফিকেট, পাসপোর্ট (ভিনদেশি পাসপোর্টসহ) অথবা ব্যাপ্টিইজমের রেকর্ড (যা জন্মতারিখ উল্লেখ করে)। যদি এসব কাগজপত্র না থাকে, তাহলে অন্যান্য কাগজপত্র বা রেকর্ড করা প্রমাণ শিক্ষার্থীর বয়স নির্ধারেণর জন্য ব্যবহার করা যেতে পারে, যেমন:

i. সরকারি ড্রাইভার্স লাইসেন্স;

ii. স্টেট অথবা সরকার কর্তৃক ইস্যুকৃত অন্যান্য পরিচয়পত্র (IDNYC কার্ডসহ);

iii. জন্মতারিখযুক্ত স্কুলের ফোটো আইডি কার্ড;

iv. কনসুলেটের আইডেন্টিফিকেশন কার্ড;

v. হাসপাতাল অথবা হেলথ রেকর্ড;

vi. মিলিটারি পোষ্যের পরিচয়পত্র;

vii. ফেডারেল, স্টেট অথবা স্থানীয় সংস্থাগুলো (যেমন, স্থানীয় সমাজ সেবা সংস্থা, ফেডারেল অফিস অভ রিফ্যুজি রিসেটেলমেন্ট) কর্তৃক ইস্যুকৃত নাম ও বাড়ির ঠিকানাযুক্ত কাগজপত্র;

viii. আদালতের আদেশ অথবা আদালত কর্তৃক ইস্যুকৃত অন্যান্য কাগজপত্র;

ix. নেটিভ আমেরিকান ট্রাইবাল ডক্যুমেন্ট; অথবা

x. নন-প্রফিট আন্তর্জাতিক সাহায্য সংস্থা এবং স্বেচ্ছাসেবা সংস্থাসমূহের রেকর্ড।

c. সন্তানের টিকা-ইঞ্জেকশনের রেকর্ড (যদি থেকে থাকে)

d. ছেলেমেয়ের শিক্ষাগত রেকর্ড, যেমন সর্বশেষ রিপোর্ট কার্য/ট্রান্সক্রিপ্ট (যদি পাওয়া যায়)।

3. পিতামাতা যদি নিম্নলিখিতগুলোর জন্য পর্যাপ্ত প্রমাণ দেখাতে অসমর্থ্য হয়ে থাকেন, তাহলে ছেলেমেয়েকে অবশ্যই সাময়িকভাবে রেজিস্টার করা হবে এবং স্কুলকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে:

a. ঠিকানা;

b. বয়স;

c. ইমিউনাইজেশনের রেকর্ড;

d. শিক্ষাগত রেকর্ড।

4. কোন ছেলেমেয়ে যাকে একটি স্কুল যথাযথভাবে রেজিস্টার করেছে অথবা কোন অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট, ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস কিংবা কোনো ডিস্ট্রিক্ট 75 কর্মসূচি বা কমিটি অন প্রি-

স্কুল স্পেশাল এডুকেশন স্কুল রেজিস্টার বা নির্ধারণ করে দিয়েছে তাকে, যেখানে যা প্রযোজ্য, সে ছেলেমেয়েকে নির্ধারিত/রেজিস্টারকারী স্কুল বা প্রোগ্রাম ভর্তি এবং/অথবা রেজিস্টার করা প্রত্যাখ্যান করতে পারবেন না।

5. যদি কোনো ছেলেমেয়ে কোনো একটি স্কুলে ভর্তির জন্য যোগ্যতার ভিত্তিতে (যেমন তার বাড়ি ঠিকানা, ভাইবোনের অগ্রাধিকার, বা সুপারিশকৃত স্পেশালইজড্ প্রোগ্রাম অনুযায়ী অগ্রাধিকারের ভিত্তিতে) রেজিস্টার করে, তাহলে সে ছেলেমেয়ের যোগ্যতা ভর্তির সময় পর্যন্ত বহাল থাকতে হবে। যদি ছেলেমেয়ের যোগ্যতার অবস্থা পরিবর্তিত হয়, তাহলে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বা ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস ছেলেমেয়েকে বদলি করবে এবং সে ছেলেমেয়ের জন্য এমন একটি স্কুলে রেজিস্টার করার ব্যবস্থা করবে যেখানে সে যোগ্য।

G. সাধারণ নীতিমালা ও পদ্ধতি

1. কোন স্কুলে, প্রোগ্রামে অথবা ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে K-12 গ্রেডে এনরোলমেন্টের ইচ্ছা প্রকাশকারী স্কুল-বয়সী ছেলেমেয়ের এনরোলমেন্টের ব্যবস্থা সম্ভব হলে অবশ্যই পরবর্তী স্কুল দিবসের মধ্যে করতে হবে, এবং তা কোনো অবস্থাতেই 5 স্কুল দিবসের পরে হতে পারবে না।

2. ডিস্ট্রিক্ট 1-32 হাই স্কুলে ভর্তিচ্ছু ছেলেমেয়ে, যারা হাই স্কুলের ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করেনি, তাদের স্কুল নির্ধারণ ও রেজিস্টার করার জন্য অবশ্যই কোনো একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যেতে হবে। কোন হাই স্কুল (ডিস্ট্রিক্ট 75, ডিস্ট্রিক্ট 79 প্রোগ্রাম এবং বদলি স্কুল ব্যতীত) ছেলেমেয়ে রেজিস্টার করতে পারবে না।

3. আইন মোতাবেক, ছেলেমেয়েদের অভিবাসনগত অবস্থার কাগজপত্র দেখানর বাধ্যবাধকতা নেই বা দেখাতে বলা যাবে না কিংবা তাদেরকে অভিবাসনগত অবস্থা বা অভিবাসনগত অবস্থার কাগজপত্র দেখাতে ব্যর্থ হওয়ার নিরিখে স্কুলে ভর্তি, রেজিস্ট্রেশন বা এনরোলমেন্ট করতে অস্বীকার করা যাবে না। কোন স্কুল ফরম এবং/অথবা রেকর্ডে শিক্ষার্থী বা পিতামাতার অভিবসনগত অবস্থার উল্লেখ থাকা চলবে না।

4. সোশাল ওয়েলফেয়ার এজেন্সি, জুভেনাইল জাস্টিস এজেন্সি এবং কারেকশনাল এজেন্সির তত্ত্বাবধানে থাকা ছেলেমেয়েদেরকে সেকশন III.D, VII.C, VII.E, এবং VII.F প্রদত্ত পদ্ধতি অনুসরণ করেই স্কুলে ভর্তি করতে হবে।

## II. <u>ভর্তি ও এনরোলমেন্টের নিয়ম</u>

সকল ভর্তি ও এনরোলমেন্টের নিয়মের জন্য সেকশন VII.B এবং VII.C দেখুন, এগুলো সাময়িক আবাসনের (টেম্পোরারী হাউজিংয়ের) এবং ফস্টার কেয়ার-এ থাকা শিক্ষার্থীদের যারা তাদের সাময়িক আবাসনসংক্রান্ত অবস্থার কারণে NYC-এর বাইরে স্থানান্তরিত হয়, তাদেরকে বাড়তি সুরক্ষা দেয়।

A. ভাইবোনের অগ্রাধিকার

1. স্কুল নির্ধারণ ও ভর্তির অগ্রাধিকার সংক্রান্ত প্রয়োজনে, যাচাইকৃত ভাইবোনের মধ্যে অর্ধ ভাইবোন (হাফ-সিবলিং), সৎ-ভাইবোন (স্টেপ-সিবলিং) এবং/অথবা প্রযত্ন-প্রদানকারী সূত্রে ভাইবোন (ফস্টার-সিবলিং)-ও অন্তর্ভুক্ত হয়, যারা একটি স্কুলে ভর্তির বা এনরোলমেন্টের অনুরোধকারী ছেলেমেয়ের সাথে একই পরিবারে বসবাস করে এবং যে

a. আবেদনপত্র জমাদানকালে সেই স্কুলে রেজিস্টার্ড বা এনরোলড্ ছিলো, এবং সেই স্কুলে পরবর্তী শিক্ষা বছরে এনরোল থাকা অব্যাহত রাখবে, অথবা
b. সেই স্কুলটির সাথে একই ভবনে সহাবস্থানকারী কোনো একটি ডিস্ট্রিক্ট 75 কর্মসূচিতে ভর্তি রয়েছে।

2. যাচাইকৃত ভাইবোন আছে এমন কোনো 3-K, প্রি-K, এবং এলেমেন্টারি স্কুল প্রোগ্রামে ভর্তি প্রক্রিয়ায় স্কুল ও প্রোগ্রামে আসন খালি থাকা সাপেক্ষে ভাইবোনের অগ্রাধিকার প্রদান করা হয় তাদেরকে, যারা যোগ্যতার শর্ত পূরণ করে।
3. 3-K প্রোগ্রামে ভর্তিতে অগ্রাধিকার লাভের জন্য একটি যাচাইকৃত ভাইবোনের অন্তর্ভুক্ত হলো কোন ভাইবোন যে কোন প্রি-K প্রোগ্রামে বা প্রি-K সেন্টারে ভর্তি আছে। প্রি-K সেন্টারগুলো ডিস্ট্রিক্ট পরিচালিত প্রোগ্রাম যা তত্ত্বাবধান ও পরিচালনা করে DOE যেখানে প্রি-K, এবং কিছু কিছু ক্ষেত্রে 3-K ক্লাস থাকে।
4. ভর্তির অফার দেওয়ার আগে ভাইবোনের অবস্থা যাচাই করা স্কুল ও প্রোগ্রামের দায়িত্ব।

B. ভর্তির ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 1-32 3-K প্রোগ্রামসমূহে অগ্রাধিকার

1. একটি 3-K প্রোগ্রামে অংশগ্রহণের জন্য যোগ্য হতে হলে কোনো ছেলেমেয়েকে সে শিক্ষা বছরের 31 ডিসেম্বরের মধ্যে অবশ্যই 3 বছর বয়সী হতে হবে।
2. আবেদনকারীদেরকে জোন স্কুলগুলোর 3-K প্রোগ্রামসমূহে, খালি আসনসাপেক্ষে, নিচের ভর্তির অগ্রাধিকারক্রম অনুসারে ভর্তি করা হয়:
    a. জোন-এর আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    b. যাচাইকৃত ভাইবোন ছাড়া জোন-এর আবেদনকারী;
    c. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    d. ডিস্ট্রিক্ট-বর্হিভূত আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    e. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী;
    f. ডিস্ট্রিক্ট-বহির্ভূত আবেদনকারী।
3. আবেদনকারীদেরকে জোনহীন স্কুলগুলোর 3-K প্রোগ্রামসমূহে, খালি আসনসাপেক্ষে, নিচের ভর্তির অগ্রাধিকারক্রম অনুসারে ভর্তি করা হয়:
    a. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    b. ডিস্ট্রিক্ট-বর্হিভূত আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    c. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী;
    d. ডিস্ট্রিক্ট-বহির্ভূত আবেদনকারী।
4. আবেদনকারীদেরকে প্রি-K সেন্টারগুলোর 3-K কর্মসূচিসমূহে, খালি আসনসাপেক্ষে, নিচের ভর্তির অগ্রাধিকারক্রম অনুসারে ভর্তি করা হয়:
    a. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    b. ডিস্ট্রিক্ট-বর্হিভূত আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    c. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী;

d. ডিস্ট্রিক্ট-বহির্ভূত আবেদনকারী।

5. আলাদা 3-K কর্মসূচির জন্য শিক্ষার্থী জনগোষ্ঠীতে আরও বৈচিত্র্য অর্জনের জন্য ভর্তির অগ্রাধিকার কাঠামোয় আরও অগ্রাধিকার যোগ করা হতে পারে। এসব অগ্রাধিকার ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট, এবং অফিস অভ জেনারেল কাউন্সেল কর্তৃক পূর্বানুমোদিত হতে হবে। আর কোনও অগ্রাধিকার থাকলে পরিবারবর্গকে ভর্তি প্রক্রিয়ার আগে অবহিত করা হবে।

C. ভর্তির ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 1-32 প্রি-K প্রোগ্রামসমূহে অগ্রাধিকার

1. একটি প্রি-K প্রোগ্রামে অংশগ্রহণের জন্য যোগ্য হতে হলে কোনো ছেলেমেয়েকে সে শিক্ষা বছরের 31 ডিসেম্বরের মধ্যে অবশ্যই 4 বছর বয়সী হতে হবে।
2. আবেদনকারীদেরকে জোনভুক্ত স্কুলগুলোর প্রি-K কর্মসূচিসমূহে, খালি আসনসাপেক্ষে, নিচের ভর্তির অগ্রাধিকারক্রম অনুসারে ভর্তি করা হয়:
    a. যেসব আবেদনকারী বর্তমানে সে স্কুলের 3-K প্রোগ্রামে ক্লাস করছে;
    b. জোন-এর আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    c. যাচাইকৃত ভাইবোন ছাড়া জোন-এর আবেদনকারী;
    d. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    e. ডিস্ট্রিক্ট-বর্হিভূত আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    f. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী;
    g. ডিস্ট্রিক্ট-বহির্ভূত আবেদনকারী।
3. আবেদনকারীদেরকে জোনহীন স্কুলগুলোর প্রি-K কর্মসূচিসমূহে, খালি আসনসাপেক্ষে, নিচের ভর্তির অগ্রাধিকারক্রম অনুসারে ভর্তি করা হয়:
    a. যেসব আবেদনকারী বর্তমানে সে স্কুলের 3-K প্রোগ্রামে ক্লাস করছে;
    b. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    c. ডিস্ট্রিক্ট-বর্হিভূত আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    d. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী;
    e. ডিস্ট্রিক্ট-বহির্ভূত আবেদনকারী।
4. আবেদনকারীদেরকে প্রি-K সেন্টারগুলোর 3-K কর্মসূচিসমূহে, খালি আসনসাপেক্ষে, নিচের ভর্তির অগ্রাধিকারক্রম অনুসারে ভর্তি করা হয়:
    a. যেসব আবেদনকারী বর্তমানে সে স্কুলের 3-K প্রোগ্রামে ক্লাস করছে;
    b. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী;
    c. ডিস্ট্রিক্ট-বহির্ভূত আবেদনকারী।
5. যদি বর্তমানে স্কুলটির 3-K প্রোগ্রামে বিদ্যমান আসন সংখ্যার চাইতে প্রি-K ক্লাসের জন্য স্কুলসমূহে আবেদনপত্র বেশি হয়, তাহলে স্কুলটির 3-K প্রোগ্রামে এনরোল করা আবেনদকারীরা উপরে বর্ণিত 3-K ক্লাসের শিক্ষার্থীদের ভর্তির অগ্রাধিকারক্রম অনুযায়ী শিক্ষার্থীরা প্রি-K প্রোগ্রামে ভর্তির সুযোগ পাবে (সেকশন II.C.2-4)।

6. আলাদা আলাদা প্রি-K কর্মসূচির ক্ষেত্রে শিক্ষার্থী জনগোষ্ঠীতে আরও বৈচিত্র্য অর্জনের জন্য ভর্তির অগ্রাধিকার কাঠামোয় আরও অগ্রাধিকার যোগ করা হতে পারে। এসব অগ্রাধিকার ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট, এবং অফিস অভ জেনারেল কাউন্সেল কর্তৃক পূর্বানুমোদিত হতে হবে। আর কোনও অগ্রাধিকার থাকলে পরিবারবর্গকে ভর্তি প্রক্রিয়ার আগে অবহিত করা হবে।

D. ডিস্ট্রিক্ট 1-32 স্কুলসমূহর কিন্ডারগার্টেনে ভর্তির অগ্রাধিকার

1. জোন স্কুলগুলো তাদের জোনে বসবাসকারী সব ছেলেমেয়ে, খালি আসন থাকা সাপেক্ষে, পরিবার কখন রেজিস্টার করতে আসে, সেটা বিবেচনা না করেই পরিসেবা দিতে বাধ্য। আবেদনকারীর অবশ্যই নিম্নলিখিতঅগ্রাধিকার অনুসারে জোনভুক্ত স্কুলে ভর্তি করতে হবে:
    a. জোন-এর আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    b. যাচাইকৃত ভাইবোন ছাড়া জোন-এর আবেদনকারী।

    যদি অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট স্থান, ঐতিহাসিক ধারা এবং ডিস্টিক্টের চাহিদার নিরিখে যথাযথ মনে করে, তাহলে স্কুলগুলোকে, নিচের ক্রমানুসারে, এখানে উল্লিখিত অগ্রাধিকারের গ্রুপসমূহকে প্রস্তাব দেওয়া হতে পারে। একমাত্র অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্টই এই ক্রম-বহির্ভূত জোনভুক্ত নয় এমন আবেদনকারীদের ভর্তির অনুমোদন দিতে পারবে; উদাহরণত, যেসব আবেদনকারীদের জোন স্কুলে স্থান সংকুলান সম্ভব হবে না, কিংবা স্পেশালাইজড় প্রোগ্রামের ক্ষেত্রে, যেমন ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামের মতো স্পেশালাইজড় প্রোগ্রামের যেসব আবেদনকারীকে তাদের জোন স্কুলে স্থান দেয়া যাবে না।

    c. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    d. ডিস্ট্রিক্ট-বর্হিভূত আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    e. ডিস্ট্রিক্টের আবেদনকারী বর্তমানে সেই স্কুলটির প্রি-K কর্মসূচিতে পড়ছে;
    f. ডিস্ট্রিক্ট-বর্হিভূত আবেদনকারী বর্তমানে সেই স্কুলে প্রি-K কর্মসূচিতে পড়ছে;
    g. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী;
    h. ডিস্ট্রিক্ট-বহির্ভূত আবেদনকারী।
2. নন-জোনড় স্কুলগুলোকে অবশ্যই নিচে উল্লিখিত অগ্রাধিকার ক্রমানুসারে আবেদনকারী ভর্তি করতে হবে:
    a. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    b. ডিস্ট্রিক্ট-বর্হিভূত আবেদনকারী যার যাচাইকৃত ভাইবোন আছে;
    c. ডিস্ট্রিক্টের আবেদনকারী বর্তমানে সেই স্কুলটির প্রি-K কর্মসূচিতে পড়ছে;
    d. ডিস্ট্রিক্ট-বর্হিভূত আবেদনকারী বর্তমানে সেই স্কুলে প্রি-K কর্মসূচিতে পড়ছে;
    e. ডিস্ট্রিক্ট-অভ্যন্তরস্থ আবেদনকারী;
    f. ডিস্ট্রিক্ট-বহির্ভূত আবেদনকারী।
3. কোনও কোনও স্কুলের ক্ষেত্রে শিক্ষার্থী জনগোষ্ঠীতে আরও বৈচিত্র্য অর্জনের জন্য ভর্তির অগ্রাধিকার কাঠামোয় আরও অগ্রাধিকার যোগ করা হতে পারে। এসব অগ্রাধিকার অফিস অভ স্টুডেন্ট

এনরোলমেন্ট, এবং অফিস অভ জেনারেল কাউন্সেল কর্তৃক পূর্বানুমোদিত হতে হবে। আর কোনও অগ্রাধিকার থাকলে পরিবারবর্গকে ভর্তি প্রক্রিয়ার আগে অবহিত করা হবে।

E. ডিস্ট্রিক্ট 1-32 এলেমেন্টারি স্কুলে রেজিস্ট্রেশন ও এনরোলমেন্ট (3-K প্রি-K ব্যতীত)

1. ছেলেমেয়েরা খালি আসনসাপেক্ষে তাদের জোনভুক্ত ও মিডল স্কুলে ভর্তি হওয়ার অধিকার রাখে।
2. জোনভুক্ত স্কুল নেই এমন এলিমেন্টারি স্কুলের ছেলেমেয়েরা এমন একটি ডিস্ট্রিক্টের স্কুলে আসন পাওয়ার অধিকার রাখে যেখানে তার ঠিকানা এলেমেন্টারি স্কুলের আওতাভুক্ত হিসেবে নির্ধারিত আছে।
3. যদি এলেমেন্টারি স্কুল বয়সী ছেলেমেয়ে কিন্ডারগার্টেনের ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পরে আসে, তাহলে:
    a. জোন স্কুল আছে, এমন ছেলেমেয়েরা সরাসরি তাদের জোন স্কুলে রেজিস্টার করবে, না হয় অন্যত্র কোনো স্কুলে সুযোগ আছে কি না নিশ্চিত হওয়ার জন্য ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যাবে। যদি সন্তানের জোন স্কুলের প্রাসঙ্গিক গ্রেড এনরোলমেন্টের নির্ধারিত সীমা পর্যন্ত পরিপূর্ণ থাকে, তাহলে সে ছেলেমেয়ে সেকশন II.I অনুযায়ী অন্য বিকল্প স্কুলে পাঠানো হবে।
    b. জোন স্কুল নেই এমন ছেলেমেয়েদেরকে একটি স্কুল পেতে ফ্যামেলি ওয়েলকাম সেন্টারে যেতে হবে।
4. যেসব ছেলেমেয়ে কোনো একটি জোনহীন স্কুলে বা সে জোনভুক্ত নয় এমন কোনো জোন স্কুলে রেজিস্টার করতে আগ্রহী, তারা নিচের সেকশন II.H-সহ এই প্রবিধান দ্বারা প্রতিষ্ঠিত নির্দিষ্ট নিয়ম অনুসারে অথবা এর অন্যথায় অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট দ্বারা নির্ধারিত স্কুলেই শুধু প্লেসমেন্ট পেতে ও রেজিস্টার করতে পারে।

F. ডিস্ট্রিক্ট 1-32 মিডল্ স্কুলে এডমিশন, রেজিস্ট্রেশন, এবং এনরোলমেন্ট

1. মিডল্ স্কুলে ভর্তিতে অগ্রাধিকার
    a. গ্রেড 5-এর ছেলেমেয়েরা তাদের ডিস্ট্রিক্টের মিডল্ স্কুলগুলোতে যেখানে তারা জোনভুক্ত এবং যে ডিস্ট্রিক্টের এলিমেন্টারি স্কুলে ("ডিস্ট্রিক্ট অভ অ্যাটেনড্যান্স") তারা পড়ছে সেখানে, সেটি ভিন্ন হলে, আবেদনের যোগ্য। যেসব ছেলেমেয়ে তাদের ডিস্ট্রিক্ট অভ অ্যাটেনড্যান্স (যে ডিস্ট্রিক্ট-এ স্কুলে যাওয়ার জন্য নির্ধারিত)-এর কোনো স্কুলে আবেদন করে, তারা স্কুলটির ডিস্ট্রক্টটির নির্ধারিত জোন-এর অন্তর্গত ঠিকানায় বসবাসকারী ছেলেমেয়েদের সমান স্তরের অগ্রাধিকার লাভ করবে।
    b. জোনভুক্তদের মিডল স্কুলে ছেলেমেয়েদের অগ্রাধিকার থাকবে, যদি ছেলেমেয়ে সেই স্কুলে ভর্তি হওয়ার জন্য তার মিডল স্কুল অ্যাপ্লিকেশনে তালিকাভুক্ত করে।
    c. একটি K-8 বা K-12 স্কুলে অধ্যয়নরত পঞ্চম গ্রেডের ছেলেমেয়ের ওই স্কুলটির মিডল স্কুলের ভর্তি প্রক্রিয়ায় অগ্রাধিকার লাভ করবে, যদি তারা তাদের মিডল স্কুলে ভর্তির আবেদনপত্রে সে K-8 বা K-12 স্কুলটিকে অন্তর্ভুক্ত করে।
    d. মিডল্ স্কুলে আবেদন প্রক্রিয়ার সময় লভ্য আসনসমূহ (অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট নির্ণীত) নিম্নলিখিতভাবে দেওয়া হবে:

i. জোন স্কুলগুলোতে: জোনহীন ছেলেমেয়েদের জন্য আসন লভ্য থাকবে শুধু ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে জোন-এর শিক্ষার্থীদের আসন অফার করার পরে। আসন খালি হলে আপিল প্রক্রিয়ায় থাকা জোন-বহির্ভূত ছেলেমেয়েদের আগে আবেদনকারী জোন-এর ছেলেমেয়েদের স্থান প্লেসমেন্ট দেওয়া হবে।

ii. K-8 কিংবা K-12 স্কুল: চলমান নয়, এমন ছেলেমেয়েদের জন্য আসন লভ্য থাকবে শুধু ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে চলমান আছে, এমন ছেলেমেয়ের আসন অফার করার পরে। আবেদনকারী চলমান ছেলেমেয়েদের স্থান দেয়ার পূর্বে আসন খালি থাকলে আপিল প্রক্রিয়ায় থাকা চলমান নয় এমন ছেলেমেয়েদের স্থান দেয়া হবে।

e. যদি বর্তমানে DOE-এর কোনো স্কুলে গ্রেড 5-এ ভর্তি থাকা ছেলেমেয়ে তার আবেদনপত্রে বাছাইকৃত স্কুলগুলোর কোনোটিতেও ভর্তির সুযোগ না পায়, তাহলে সে মিডল্ স্কুলের জন্য যে ডিস্ট্রিক্ট জোন-এ পড়বে, সেখানে তাকে স্কুলে ভর্তির সুযোগ দেওয়া হবে।

f. যেসব ছেলেমেয়ে মিডল স্কুলের ভর্তি প্রক্রিয়ায় (আপিল সহ) তাদের জোন স্কুল বা যে K-8 কিংবা K-12 স্কুলে এলেমেন্টারি ক্লাস করছে, সেখানে যদি আবেদন না করে, তাহলে তারা সেখানে মিডল স্কুলের জন্য এনরোল হওয়ার অধিকারের নিশ্চয়তা পাবে না। তবে অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট ভিন্ন একটি স্কুলে বদলির ভবিষ্যৎ অনুরোধের ক্ষেত্রে সে স্কুলটিকে বিবেচনা করবে। ভিন্ন কোন মিডল স্কুলে বদলির জন্য অনুরোধাকারী সকল ছেলেমেয়েকে ভর্তির জন্য অবশ্যই ফ্যামেলি ওয়েলকাম সেন্টারে যেতে হবে।

2. মিডল্ স্কুলে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ না করা ছেলেমেয়েরা নিম্নলিখিত প্রক্রিয়ায় রেজিস্টার করতে পারবে:

a. DOE স্কুলে ভর্তি গ্রেড 5-এর ছেলেমেয়েদেরকে ভর্তি প্রক্রিয়াকালে একটি মিডল স্কুলে ভর্তি হতে দেওয়া হবে।

b. জোন স্কুল আছে, এমন ছেলেমেয়েরা সরাসরি তাদের জোন স্কুলে রেজিস্টার করবে, না হয় অন্যত্র কোনো স্কুলে সুযোগ আছে কি না নিশ্চিত হওয়ার জন্য ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যাবে। যদি সন্তানের জোন স্কুলের প্রাসঙ্গিক গ্রেড এনরোলমেন্টের নির্ধারিত সীমা পর্যন্ত সেই গ্রেড পর্যন্ত পরিপূর্ণ থাকে, তাহলে সে ছেলেমেয়েকে সেকশন II.J অনুযায়ী অন্য বিকল্প স্কুলে পাঠানো হবে।

c. জোন স্কুল নেই এমন ছেলেমেয়েদেরকে একটি স্কুল পেতে ফ্যামেলি ওয়েলকাম সেন্টারে যেতে হবে।

d. যেসব ছেলেমেয়ে কোনো একটি জোনহীন স্কুলে বা সে জোনভুক্ত নয় এমন কোনো জোন স্কুলে রেজিস্টার করতে আগ্রহী, তারা নিচে উল্লেখিত সেকশন II.H-সহ এই প্রবিধান দ্বারা প্রতিষ্ঠিত নির্দিষ্ট নিয়ম অনুসারে অথবা এর অন্যথায় শুধু অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট দ্বারা স্কুলে অ্যাসাইনমেন্ট পেতে ও রেজিস্টার করতে করতে পারে।

G. জোন স্কুলের নিয়ম

1. এই প্রবিধানে উল্লিখিত নীতিমালা মোতাবেক, কোন স্কুলের জন্য জোনভুক্ত ছেলেমেয়েদের সেসব স্কুলের জোন প্রোগ্রামে ভর্তি হওয়ার অগ্রাধিকার রয়েছে এবং অ-জোনভুক্ত ছেলেমেয়েদের আসন দেয়ার আগে অবশ্যই তাদের গ্রহণ করতে হবে।
2. অ-জোনভুক্ত ছেলেমেয়ে এই প্রবিধানে প্রতিষ্ঠিত নীতিমালা এবং অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট কর্তৃক নির্ধারিত বিধানের দ্বারা প্রতিষ্ঠিত নিয়মে নির্ধারিত জোন স্কুলে অ্যাসাইনমেন্ট লাভ করতে পারে।
3. জোন প্রোগ্রামগুলোকে জোন-এর ছেলেমেয়েদের রেজিস্টার করতে হবে এবং অবশ্যই সেসব ছেলেমেয়েদেরকে এই প্রবিধানে প্রতিষ্ঠিত নিয়মে এবং আসন শূন্য থাকা সাপেক্ষে গ্রহণ করতে হবে। কোনো স্কুলে আসন খালি আছে কি না, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট, অফিস অভ স্পেস প্ল্যানিং, অফিস অভ ডিস্ট্রিক্ট প্ল্যানিং, এবং সুপারিন্টেন্ডেন্ট-এর সাথে আলোচনাক্রমে সেটা নির্ধারণ করবে বরো অফিস (সেকশন II.I দেখুন)।
4. আসন খালি থাকা ও যোগ্যতা থাকা সাপেক্ষে বেছে নেওয়ার বিকল্প সুযোগ থাকলে কোনো ছেলেমেয়ে তাদের জোন স্কুলে যেতে বাধ্য নয়।

H. জোন-বহির্ভূত ডিস্ট্রিক্ট 1-32 এলেমেন্টারিট স্কুল, মিডল্ স্কুল এবং K-8 স্কুলসমূহের জন্য নীতি

1. যেসব ছেলেমেয়ে একটি জোন-বহির্ভূত স্কুলের 1-5 গ্রেড বা 7-8 গ্রেডগুলোতে রেজিস্টার করতে চাইছে, একটি আসনের জন্য অনুরোধ জানাতে তাদের উচিৎ বছরের যে কোনো সময় একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন করা।
2. যেসব ছেলেমেয়ে একটি জোন-বহির্ভূত স্কুলের কিন্ডারগার্টেন বা 6 গ্রেডে রেজিস্টার করতে চাইছে, ভর্তি প্রক্রিয়া সমাপ্ত হওয়ার পর একটি আসনের জন্য অনুরোধ জানাতে তাদের উচিৎ একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন করা।
3. জোন-বহির্ভূত স্কুলগুলোকে অবশ্যই ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পরে সহ, আসন খালি সাপেক্ষে সারা বছর আগে-এলে-আগে দেওয়া হবে নিয়মে শিক্ষার্থী গ্রহণ করতে হবে।

I. জোন পুনঃনির্ধারণের নীতিমালা

1. রিজোনিং প্ল্যানের (জোন পুনঃনির্ধারণের) অনুমোদনের সময়ের ভিত্তিতে, ভর্তির আবেদন প্রক্রিয়ার সময় আবেদনের সময়সূচি চলাকালে কোনো ছেলেমেয়ের জোন স্কুল পরিবর্তিত হতে পারে। এমন ক্ষেত্রে, সন্তান জোনভুক্তির অধিকার হিশেবে তালিকাভুক্ত হওয়ার সময় তার জোনভুক্ত স্কুলটি বিবেচিত হবে।
2. ভাইবোন হিসেবে প্রমাণিত যেসব শিক্ষার্থী কোনো জোন স্কুলে পড়লে সে স্কুলটি যদি কমিউনিটি এডুকেশন কাউন্সিল (CEC) গৃহীত রি-জোনিং পরিকল্পনার কারণে প্রভাবিত হয়, তাহলে প্রভাবিত স্কুলে এ অগ্রাধিকারের ব্যবস্থা বজায় থাকবে, যদি অনুমোদিত জোনিং পরিকল্পনায় CEC এ ধরনের অগ্রাধিকার প্রদান করে।

J. সীমিতকরণের নীতিমালা (গ্রেড K-8)

1. এই প্রবিধানে উল্লিখিত নীতিমালা মোতাবেক জোন স্কুলের দায়িত্ব হলো এর জোন-সীমায় বসবাসকারী সব শিক্ষার্থীকে, আসন খালি থাকা সাপেক্ষে, পরিষেবা দেয়া।

2. কোন অবস্থাতেই জোন স্কুলগুলি কোনো গ্রেডে ক্লাস সাইজ ছোট করা বা ছোট রাখার জন্য ভর্তি বন্ধ করা বা "সীমিত" করতে পারে না।
3. একটি স্কুলের কোনো একটি গ্রেড "সীমিত" করা হয় যখন স্কুলটি একটি অনুরোধ জমা দেয় এবং বরো অফিস তদন্ত করে ও অফিস অভ ডিস্ট্রিক্ট প্ল্যানিং, অফিস অভ স্টোডেন্ট এনরোলমেন্ট এবং সুপারিনটেনডেন্ট-এর সাথে আলোচনাক্রমে নিশ্চিত করে যে বাড়তি শিক্ষার্থী এনরোল বন্ধ করার জন্য সে গ্রেডটি সীমিতকরণ আবশ্যিক। যদি বরো অফিস নিশ্চিত হয় যে, সে গ্রেডটি সীমিতকরণ প্রয়োজন, তারা সেই সীমিতকরণ প্রস্তাবটি অনুমোদন করবেন এবং একটি স্কুল চিহ্নিত করবেন যেখানে জোন-এর বাড়তি শিক্ষার্থীদেরকে পাঠানো হবে ("ওভারফ্লো স্কুল")।
4. সেকশন II.J.3-এর রূপরেখা অনুযায়ী বরো অফিস কর্তৃক গ্রেড সীমিতকরণ করা হয়েছে, এমন একটি জোন স্কুলের ক্ষেত্রে, উক্ত জোন-এর ছেলেমেয়েরা যে ডিস্ট্রিক্ট-এ বসবাস করে, সেখানকার একটি বিকল্প স্কুলে যাওয়ার অধিকার রাখে।
    a. ওভারফ্লো স্কুলে এসব বাড়তি ছেলেমেয়ে ভর্তির ক্ষেত্রে সকল জোন বহির্ভূত ছেলেমেয়েদের চাইতে অগ্রাধিকার লাভ করবে।
    b. যে ছেলেমেয়েকে জোন স্কুলে তার গ্রেড সীমিতকরণের অনুরোধ বরো অফিসের অনুমোদনের কারণে কোনো একটি ওভারফ্লো স্কুলে ভর্তির জন্য পাঠানো হবে, তাকে হয় ওভারফ্লো স্কুলে যেতে হবে, না হয় সে স্কুলটির কোনো বিকল্প খুঁজতে হবে।
5. যেসব ছেলেমেয়ের জোন স্কুলের গ্রেড সীমিতকরণ বরো অফিস কর্তৃক অনুমোদিত হয়েছিল, এবং সে কারণে তাদেরকে ওভারফ্লো স্কুলে পাঠানো হয়েছে, তারা অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্টের স্থির করে দেওয়া নির্ধারিত মেয়াদ পর্যন্ত তাদের জোন স্কুলের অপেক্ষা-তালিকায় থাকতে পারে। উক্ত ছেলেমেয়ের ক্ষেত্রে নিচের পদ্ধতিসমূহ প্রযোজ্য হবে:
    a. এসব ছেলেমেয়ে তাদের জোন স্কুলে আগামী বছর শূন্য আসনের জন্য অগ্রাধিকার লাভ করবে, এবং তাদেরকে অপেক্ষা-তালিকার অগ্রাধিকার ক্রম অনুযায়ী আসন অফার করা হবে।
    b. এসব ছেলেমেয়ে তাদের জোনভুক্ত স্কুলে ফিরে আসার প্রস্তাব প্রত্যাখ্যান করতে এবং ওভারফ্লো স্কুলে থেকে যেতে পারে। যদি তারা প্রত্যাখ্যান করে, তাহলে তারা তাদের জোন স্কুলের অপেক্ষা-তালিকার অবস্থান হারাবে। যদি সে শিক্ষার্থী পরে তার জোন স্কুলে ফিরে আসতে চেয়ে অনুরোধ জানায়, তাহলে অপেক্ষা তালিকা থেকে সকল ছেলেমেয়েকে তাদের জোন স্কুলে পুনরায় ভর্তির জন্য রেজিস্টার করার পরে আসন শূন্য থাকলেই শুধু তার বদলির অনুরোধ গৃহীত হবে। জোনভুক্ত স্কুলে ফিরে আসার প্রস্তাব প্রত্যাখ্যান করা শিক্ষার্থী যাদের ওভারফ্লো স্কুলে পরিবহন লাভের আইনগত অধিকার ছিল তাদের আর পরিবহন লাভের অধিকার থাকবে না যদি না অফিস অভ পিউপল ট্রান্সপোর্টেশন কর্তৃক প্রতিষ্ঠিত নীতিমালার ভিত্তিতে বাধ্যতামূলক বা যোগ্যতাসম্পন্ন হয়ে থাকে।
    c. যেসব ছেলেমেয়ে গ্রেড 5-এ এনরোল আছে, তাহলে আসন খালি থাকা সাপেক্ষে তাদের অধিকার থাকবে গ্রেড 5-এ থাকাকালে তাদের জোন স্কুলে ফিরে আসার, তবে গ্রেড 6-এ সেই স্কুলটিতে একটি আসনের জন্য বিবেচিত হতে হলে তাদেরকে অবশ্যই মিডল্ স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে।

d. সেকশন II.F.1.a-এর সাথে সামঞ্জস্য বিধান করে ছেলেমেয়েরা তারা যে ডিস্ট্রিক্ট-এ স্কুলে যায়, সেখানকার কোনো স্কুলে, এবং তার পাশাপাশি তাদের ঠিকানা অনুযায়ী তাদের জোন স্কুলে মিডল্ স্কুল ভর্তি প্রক্রিয়ায় আবেদন করার যোগ্য।

6. জোনভুক্ত স্কুলের প্রাথমিক দায়িত্ব হচ্ছে এর জোনভুক্ত ছেলেমেয়েদের পরিষেবা দেওয়া। যদি একটি জোনভুক্ত স্কুল সকল জোনভুক্ত ছেলেমেয়েকে স্থান দিতে অসমর্থ হয় এবং সীমিতকরণ পরিকল্পনার জন্য অনুমোদন লাভ করে থাকে, তাহলে স্কুলের অ-বাধ্যতামূলক কর্মসূচিগুলো হ্রাস করা বা বাতিল করা যেতে পারে।

K. সন্ধিযুক্ততার (আর্টিকুলেশন) নীতিমালা

1. এই সেকশনে প্রদত্ত রূপরেখা প্রযোজ্য হবে গিফটেড অ্যান্ড ট্যালেনটেড প্রোগ্রাম, স্পেশালাইজড্ হাই স্কুল, ট্রান্সফার স্কুল, এবং স্কুল ফর নিউকামার্স (নবাগত), ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার্স, এবং মাল্টিলিঙ্গুয়াল (বহুভাষী) শিক্ষার্থীদের স্কুলসহ সকল স্কুলের ক্ষেত্রে, তবে তা শুধু এগুলোতেই সীমিত নয়।

2. সেকশন VII.B এবং VII.C অনুযায়ী সাময়িক আবাসন ও ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থীদের যাদের সাময়িক আবাসনে বা ফস্টার কেয়ার থাকার কারণে NYC-এর বাইরে থাকতে হয়, তাদের অধিকার আছে তাদের নিজেদের মূল স্কুলে অবস্থান করার বা তাদের জোন স্কুলের সাথে, কিংবা যদি কোনো জোন স্কুল না থাকে, সেক্ষেত্রে একটি যথাযথ স্কুলে সন্ধিযুক্ত (আর্টিকুলেট) থাকার, যদি তা হয় শিক্ষার্থীর বৃহত্তর স্বার্থের অনুকূলে।

3. DOE-এর স্কুলগুলিতে ডিস্ট্রিক্ট 1-32 এবং ডিস্ট্রিক্ট 75, উভয় ক্ষেত্রে প্রবেশের বহুবিধ প্রবেশপথ রয়েছে যার সুযোগ প্রদান করে এলিমেন্টারি, মিডল্ এবং হাই স্কুল ভর্তি প্রক্রিয়া। প্রত্যেক গ্রেড কাঠামোতেই এমন প্রবেশপথ রয়েছে। উদাহরণ হিশেবে K-5 গ্রেড পর্যন্ত পরিষেবা প্রদানকারী একটি স্কুলের প্রবেশের প্রথম কাঠামোটি হলো কিন্ডারগার্টেন। যখন কোন সন্তান ভিন্ন গ্রেড কাঠামোতে ওঠে, তাকে বলা হয় "সন্ধিযুক্ততা" (আর্টিকুলেশন)।

4. ডিস্ট্রিক্ট 1-32 K–8 এবং 6–12 স্কুলগুলোতে সন্ধিযুক্ততা (আর্টিকুলেশন)

   K–8 কিংবা 6–12 কাঠামোতে বিন্যস্ত একটি স্কুলের অবশ্যই একাধিক প্রবেশপথ থাকতে হবে। তাই, যখন একটি ছেলেমেয়েকে এমন একটি স্কুলে ভর্তি করা হয় যেটি K–8 কিংবা 6–12 স্কুল কাঠামোয় বিন্যস্ত তখন সেই শিক্ষার্থীর পরবর্তী গ্রেড কাঠামোতে ভর্তি হওয়ার অধিকার এবং অগ্রাধিকার রয়েছে। এধরনের ছেলেমেয়ে, একই সময়ে, তাদের উপযুক্ততা রয়েছে এমন অন্যান্য স্কুলগুলোতে বা কর্মসূচিতে আবেদন করতে পারে। ছেলেমেয়েরা তাদের জোন K-8 স্কুলে গ্রেড 6-এ ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার রয়েছে, যদি না তারা ইতোমধ্যেই সেখানে ভর্তি থাকে।

5. ডিস্ট্রিক্ট 1-32 মিডল্ স্কুলে সন্ধিযুক্ততা (আর্টিকুলেশন)

   যেসব ছেলেমেয়েকে মিডল্ স্কুল ভর্তি প্রক্রিয়ার ফলাফল অনুযায়ী কোনো স্কুলের সাথে মানানসই করা হয়েছিল এবং পরবর্তিতে NYC স্কুল ডিস্ট্রিক্ট থেকে অব্যাহতি দেওয়া হয়েছিল, তাদের অধিকার আছে স্কুল বছরের যে কোনো সময় তার মানানসইকৃত স্কুলে এনরোল হওয়ার, যদি সে রেজিস্টার করতে আসার কালে সে NYC-তে বাসবাস করে এবং অন্য কোনো স্কুলে অ্যাকাডেমিক বছর সম্পন্ন না করে থাকে।

6. ডিস্ট্রিক্ট 1-32 হাই স্কুলে সন্ধিযুক্ততা (আর্টিকুলেশন)
   a. যেসব সন্ধিযুক্ত ছেলেমেয়ে গ্রেড 8 থেকে হাই স্কুলে উঠছে, আবেদন করার বছরটিতে হাই স্কুল নির্দেশিকায় উল্লিখিত সে ভর্তির সময়পর্ব অনুযায়ী আবেদন করলে তাদেরকে হয় অগ্রাধিকার না-হয় জোন স্কুলে ভর্তির নিশ্চয়তা দেওয়া হবে।
   b. যেসব ছেলেমেয়েকে হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার ফলাফল অনুযায়ী কোনো স্কুলের সাথে মানানসই করা হয়েছিল এবং পরবর্তিতে NYC স্কুল ডিস্ট্রিক্ট থেকে অব্যাহতি দেওয়া হয়েছিল, তাদের অধিকার আছে স্কুল বছরের যে কোনো সময় তার মানানসইকৃত স্কুলে এনরোল হওয়ার, যদি সে রেজিস্টার করতে আসার কালে সে NYC-তে বাসবাস করে এবং অন্য কোনো স্কুলে অ্যাকাডেমিক বছর সম্পন্ন না করে থাকে। কারাভোগ থেকে ফিরে আসা ছেলেমেয়েরা এর অন্তর্ভুক্ত।
7. NYC স্কুল নয় এমন একটি প্রতিষ্ঠানে শিক্ষা বছর সমাপ্ত করার পর NYC পাবলিক ডিস্ট্রিক্ট-এ প্রত্যাবর্তনকারী শিক্ষার্থীদের পরের শিক্ষা বছরে ভর্তির জন্য একটি নতুন স্কুল বরাদ্দ পেতে একটি ফ্যামেলি ওয়েলকাম সেন্টারে অথবা ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে সুপারিশকৃত ছেলেমেয়েদের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিসে পাঠিয়ে দেওয়া হবে। এধরনের ছেলেমেয়েদের NYC স্কুল ডিস্ট্রিক্ট থেকে অব্যাহতি পাওয়ার আগে তাদের যে স্কুলের সাথে মানানসই করা হয়েছিল সেখানে ফিরে যাওয়ার অধিকারের কোন নিশ্চয়তা নেই, যদিও যে স্কুলে সে মানানসইকৃত হয়েছে সেখানে তাকে বিবেচনা করা হবে। ডিস্ট্রিক্ট 1-32 স্কুলগুলোতে এনরোল থাকা ছেলেমেয়েদের ভর্তির ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট এবং ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে এনরোল থাকা ছেলেমেয়েদের ভর্তির ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস।

## III. পুনঃভর্তি

কোনো ছেলেমেয়ে NYC স্কুল ডিস্ট্রিক্ট-এ ফিরে আসার পর সে একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যেতে পারে, কিংবা ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামের ক্ষেত্রে সম্ভাব্য স্কুলগুলো সম্পর্কে কথা বলার জন্য তাকে ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিসে যোগাযোগ করতে হবে।

NYC স্কুল ডিস্ট্রিক্ট স্কুলে ফিরে আসা ছেলেমেয়ের অধিকার আছে, তবে বাধ্যবাধকতা নেই যে, তাকে যে স্কুল থেকে সে অব্যাহতি নিয়েছিল, সেখানে অব্যাহতি নেওয়ার সময় যে গ্রেড পরিসরে সে ছিল, তার চূড়ান্ত গ্রেড পর্যন্ত সেই স্কুলেই ফিরে যেতে হবে। এ ধরনের সকল প্লেসমেন্ট DOE স্কুলগুলোতে আসনপ্রাপ্তির শর্তাধীন।

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট ছেলেমেয়ে ও পিতামাতা এবং বরো অফিস পয়েন্ট পারসনের সাথে পরামর্শ করে নির্ধারণ করতে পারে যে, পূর্ববর্তী স্কুলটি যথোপযুক্ত নয় এবং সে কারণে ভিন্ন একটি স্কুল বের করতে পারে; অনুরূপভাবে ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামের ছেলেমেয়েদের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস ছেলেমেয়ে ও পিতামাতার সাথে পরামর্শ করতে পারে, নির্ধারণ করতে পারে যে পূর্ববর্তী প্লেসমেন্ট যথাযথ নয়, এবং ভিন্ন একটি প্লেসমেন্ট বেছে নিতে পারে।

কোনো ছেলেমেয়ের ফিরে আসার অধিকার সম্পর্কিত সকল প্রশ্নের ক্ষেত্রে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট, অথবা ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে সুপারিশকৃত ছেলেমেয়ের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

A. এলেমেন্টারি এবং/অথবা মিডল্ স্কুলের ছেলেমেয়ে

1. একটি ছেলেমেয়ের অধিকার আছে, আসন খালি থাকা সাপেক্ষে তার পূর্ববর্তী স্কুলে ফিরে আসার, হোক সেটা জোন বা জোনহীন স্কুল।
2. ছেলেমেয়ে যদি তার জোন স্কুলে ফিরে আসে এবং সেটা এখন তার গ্রেডের জন্য সীমিতকরণ হয়ে যায়, তাহলে ছেলেমেয়েকে সেকশন II.J অনুসারে নির্ধারিত ওভারফ্লো (বাড়তি হওয়া) স্কুলে পাঠানো হবে।
3. NYC স্কুল ডিস্ট্রিক্ট-এ ফিরে আসা ছেলেমেয়েরা সরাসরি তাদের জোন স্কুলে এনরোল করতে পারবে, যদি সেটা প্রযোজ্য হয় ও আসন খালি থাকে, অথবা অন্যান্য বিকল্প সুযোগের জন্য কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যেতে হবে।

B. ইতোপূর্বে গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিসমূহে ভর্তি শিক্ষার্থী

1. ডিস্ট্রিক্ট প্রোগ্রাম
   a. আগের বসবাসের ডিস্ট্রিক্টে প্রত্যাবর্তনকারী ছেলেমেয়ে তার সাবেক গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে ফিরতে পারে, যদি আসন খালি থাকে।
   b. ছেলেমেয়েদের সাবেক গিফটেড অ্যান্ড ট্যালেনটেড প্রোগ্রামে আসন শূন্য না থাকলে তারা তাদের বসবাসের ডিস্ট্রিক্টের অভ্যন্তরস্থ ভিন্ন কোনো ডিস্ট্রিক্ট গিফটেড অ্যান্ড ট্যালেনটেড প্রোগ্রামে প্লেসমেন্টের অনুরোধ জানাতে পারবে।
   c. ভিন্ন বসবাসের ডিস্ট্রিক্টে প্রত্যাবর্তনকারী ছেলেমেয়েদেরকে তাদের নতুন বসবাসের ডিস্ট্রিক্টের গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে ভর্তির জন্য অনুরোধ জানাতে পারবে, যদি আসন খালি থাকে।
2. সিটিব্যাপী প্রোগ্রামসমূহ
   a. NYC স্কুল ডিস্ট্রিক্টে প্রত্যাবর্তনকারী ছেলেমেয়েরা একই সিটিওয়াইড গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে ফিরতে পারে, যদি একটি আসন শূন্য থাকে।
   b. যদি ছেলেমেয়ের আগের গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে আসন খালি না থাকে, তাহলে ছেলেমেয়েরা অন্য একটি গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে প্লেসমেন্টের অনুরোধ জানাতে পারবে।

C. হাই স্কুলের ছেলেমেয়ে

1. NYC পাবলিক স্কুল সিস্টেম থেকে অব্যাহতি লাভ করা একটি ছেলেমেয়ের পূর্বতন হাই স্কুলে (এর অন্তর্ভুক্ত আছে স্পেশালাইজড হাই স্কুল, ট্রান্সফার স্কুল এবং নবাগত, ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার, এবং বহুভাষী শিক্ষার্থীদের স্কুলসহ, তবে তা এগুলোতেই সীমিত নয়) প্রত্যাবর্তন করার অধিকার আছে। ডিপ্লোমা ছাড়া অব্যাহতিপ্রপ্ত ছেলেমেয়ে তার স্কুলে ফিরতে পারবে যে বছর তার বয়স হবে 21, সে স্কুল বছরের শেষ পর্যন্ত।
2. NYC পাবলিক ডিস্ট্রিক্ট-এ প্রত্যাবর্তনকারী শিক্ষার্থীদের ভর্তির জন্য একটি নতুন স্কুলে প্লেসমেন্ট পেতে একটি ফ্যামেলি ওয়েলকাম সেন্টারে অথবা ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে সুপারিশকৃত ছেলমেয়েদের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিসে পাঠিয়ে দেওয়া হবে।

D. কোর্ট-নির্দেশিত পরিস্থিতি, কাস্টোডিয়াল ব্যবস্থা অথবা চিকিৎসা কর্মসূচি থেকে ফিরে আসা ছেলেমেয়ে

1. কোর্ট-নির্দেশিত পরিস্থিতি, কাস্টোডিয়াল ব্যবস্থা অথবা চিকিৎসা কর্মসূচির কারণে ডিসচার্জের সময় কোন ছেলেমেয়ে যদি DOE স্কুলে এনরোলড্ থাকে, তাহলে তাদের ঐ এনরোলড্ স্কুলে ফেরার অধিকার রয়েছে।

2. এদের কিছু ছেলেমেয়ে NYC স্কুল ডিস্ট্রিক্টে ফেরার পর ভিন্ন স্কুলে প্লেসমেন্ট থেকে উপকৃত হতে পারে। ছেলেমেয়েকে রেজিস্টার করা হবে, না ভিন্ন কোনো স্কুলে যেখানে আসন খালি আছে, সেখানে পাঠানো হবে, সেটা নিয়ে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট, কিংবা ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে সুপারিশকৃত ছেলেমেয়েদের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিসে, বরো অফিস পয়েন্ট পারসন বা ডিস্ট্রিক্ট 79-এর মধ্যে যেটি প্রযোজ্য হবে, সেটির সাথে কথা বলতে পারে।

## IV. বদলি (ট্রান্সফার)

বদলির অনুরোধের ক্ষেত্রে স্কুলগুলোকে পরিবারের সাথে বদলির অনুরোধ পর্যালোচনা করা এবং যদি বদলি হওয়া আবশ্যক বলে বিবেচিত হয় তাহলে সকল আনুসাঙ্গিক কাগজপত্র প্রদান করা।

A. বদলির সব অনুরোধ নিম্নবর্ণিত ব্যতিক্রমগুলো ছাড়া অবশ্যই অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট কর্তৃক অনুমোদিত হবে:

1. সুপারিনটেনডেন্ট-এর সাসপেনশনের কারণে অনৈচ্ছিক বদলি এবং ঐচ্ছিক বদলি, সেগুলো যথাক্রমে হলো চ্যান্সেলরের প্রবিধান A-450 এবং A-443 মোতাবেক বরো ডিরেক্টর অভ সাসপেনশন নিয়ন্ত্রিত; লক্ষ্যণীয় যে, চ্যান্সেলরের প্রবিধান A-450 অনুযায়ী IEP আছে এমন ছেলেমেয়েদের অনৈচ্ছিক বদলি করা যায় না;

2. জোনভুক্ত স্কুলে যেতে (যখন আসন খালি থাকে) আগ্রহী এলিমেন্টারি স্কুলের ছেলেমেয়েদের বদলি, এসব ক্ষেত্রে, গ্রহীতা প্রিন্সিপ্যালকে অবশ্যই ছেলেমেয়েকে ভর্তি করতে হবে।

3. ডিভিশন অভ মাল্টিলিঙ্গুয়াল লার্নারস (DML), বরো অফিস ডিরেক্টর অভ MLs, সুপারিনটেনডেন্ট কর্তৃক ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ELLs)-কে যেসব স্কুলে ডুয়াল ল্যাঙ্গুয়েজ বা ট্রানজিশন্যাল বাইলিঙ্গুয়াল এডুকেশন প্রোগ্রাম আছে, সেগুলোতে অনুমোদিত বদলির সূচনা হতে পারে পরিবার থেকে, তাদের বর্তমান স্কুল থেকে বা হতে পারে ফ্যামিলি ওয়েলকাম সেন্টার থেকে (তা সত্ত্বেও যেভাবেই জমা দেওয়া হোক না কেন, সেটাকে DML, বরে অফিস, এবং সুপারিনটেনডেন্ট কর্তৃক অনুমোদিত হতে হবে);

4. নতুন স্পেশালাইজড্ কর্মসূচির চাহিদার কারণে শিক্ষার্থীদের ট্রান্সফার, যেমন বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন, অটিজম্ স্পেক্ট্রাম ডিসঅর্ডারযুক্ত (ASD ছেলেমেয়েদের জন্য স্পেশালাইজড্ প্রোগ্রাম, অথবা বৌদ্ধিক প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েদের জন্য কর্মসূচি।

5. IEP-তে সুপারিশকৃত যথাযথ বিশেষ শিক্ষা কর্মসূচি প্রদানে শিক্ষার্থীর বর্তমান স্কুলের প্রমাণিত অসামর্থ্যের কারণে স্পেশাল এডুকেশন অফিস কর্তৃক অনুমোদিত বদলি;

6. নিরপেক্ষ শুনানির আদেশ অনুসারে বাধ্যতামূলক বদলি; এবং

7. ডিস্ট্রিক্ট 75 এবং ডিস্ট্রিক্ট 79 এর অভ্যন্তরে বদলি।

B. নিচে উল্লিখিত সুনির্দিষ্ট কোন দুর্দশা লাঘবে অন্যান্য বদলি মঞ্জুর করা যেতে পারে যদি ডিস্ট্রিক্ট 1-32 স্কুলের ক্ষেত্রে ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে কিংবা ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে এনরোল থাকা ছেলেমেয়ের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট

75 প্লেসমেন্ট অফিসে আবশ্যক সকল প্রমাণ উপস্থাপন করা হয়। সকল ক্ষেত্রে, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট অথবা ডিস্ট্রিক্ট 75-প্লেসমেন্ট অফিস, যেটি প্রযোজ্য হবে, সেটি বদলির আবেদন হয় প্রত্যাখ্যান অথবা অনুমোদন করবে এবং কোন্ স্কুলে ছেলেমেয়েকে বদলি করা হবে, তা নির্ধারণ করবে।

1. বাসস্থানের ডিস্ট্রিক্ট পরিবর্তনের ভিত্তিতে ডিস্ট্রিক্ট গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড ট্রান্সফার (শুধু K-5 গ্রেডের ছেলেমেয়ে): কোনো পিতামাতা যার সন্তান ডিস্ট্রিক্ট গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে ভর্তি আছে, যিনি ভিন্ন ডিস্ট্রিক্টে স্থানান্তরিত হচ্ছেন, তিনি তার সন্তানের জন্য তাদের নতুন ঠিকানার কোনো ডিস্ট্রিক্ট গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে বদলির অনুরোধ জানাতে পারেন।

2. শিশুপরিচর্যায় সমস্যাজনিত বদলি (শুধু K-5 গ্রেডের ছেলেমেয়ের জন্য): একজন পিতামাতা তার সন্তানের বদলির জন্য অনুরোধ করতে পারেন কেননা চাকুরিস্থল এবং/অথবা শিশুপরিচর্যা কেন্দ্র থেকে স্কুলের দূরত্ব বেশি হওয়ায় শিশুপরিচর্যা সমস্যা সৃষ্টি হয়েছে। পিতামাতাকে অবশ্যই নিয়োগদাতার কাছ থেকে চিঠি এবং/অথবা শিশুপরিচর্যায় সমস্যার সত্যতার সমর্থনে শিশুপরিচর্যা প্রদানকারীর চিঠি উপস্থাপন করতে হবে।

3. ভাইবোন বদলি (শুধু K-5 গ্রেডের ছেলেমেয়ের জন্য): কোনো পিতামাতা ভাইবোন ট্রান্সফারের অনুরোধ জানাতে পারবেন যখন পিতামাতার সেকশন II.A.1 অনুযায়ী যাচাইকৃত কোনো ছেলেমেয়ে ভিন্ন একটি স্কুলে ভর্তি থাকে।

4. চিকিৎসাজনিত বদলি/যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থা: একজন পিতামাতা প্রতিবন্ধিতাজনিত কারণে, যেমন স্বাস্থ্য সমস্যা বা প্রতিবন্ধিতা যা সন্তানের শারীরিকভাবে স্কুলে প্রবেশে প্রতিবন্ধক হয়, যুক্তিসঙ্গত সুবিধা লাভ করার চাহিদাপূরণের উদ্দেশ্যে সন্তানের বদলির জন্য অনুরোধ জানাতে পারেন; স্কুলে শারীরিকভাবে প্রবেশে প্রতিবন্ধক হয় পিতামাতার এমন প্রতিবন্ধিতা থাকলে পিতামাতাও সন্তানের বদলির জন্য আবেদন করতে পারেন। পিতামাতাকে অবশ্যই একজন যথাযথ স্বাস্থ্যপরিচর্যা অথবা পুনর্বাসন পেশাদার কর্তৃক চিকিৎসা প্রদানকারী লেটারহেডে প্রমাণপত্র প্রদান করতে হবে যেখানে যে অবস্থার কারণে সুবিধা চাওয়া হয়েছে তার প্রকৃতি এবং কেন বদলি সুপারিশ করা হয়েছে তার কারণ লেখা থাকবে। অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বদলি সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে অফিস অভ স্কুল হেলথ এবং/অথবা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন-এর সাথে পরামর্শ করতে পারে। পিতামাতার সম্মতি সাপেক্ষে যথাযথ কর্মী আরও তথ্য লাভ করার জন্য মেডিক্যাল প্রোভাইডারের সাথে যোগাযোগ করতে পারেন। যেসব ছেলেমেয়ে ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে এনরোলড্ আছে, ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস এসব ছেলেমেয়েকে প্রাপ্ত ডকুমেন্ট বা IEP, পরিবার, বা চিকিৎসা প্রদানকারীর কাছে থেকে প্রাপ্ত বাড়তি কোনো ডকুমেন্ট ব্যবহার করে একটি উপযুক্ত স্কুলে বদলি করবে।

5. নিরাপত্তাজনিত বদলি: নিরাপত্তাজনিত বদলি মঞ্জুরের পদ্ধতি চ্যান্সেলরের প্রবিধান A-449.এ বর্ণিত আছে। নিম্নলিখিত দৃষ্টান্তগুলির বেলায় নিরাপত্তাজনিত বদলি মঞ্জুর যেতে পারে: (a) এভরি চাইল্ড সাকসিডস অ্যাক্ট (ESSA) অনুসারে ছেলেমেয়েরা যদি স্কুলের জায়গায় সহিংস অপরাধমূলক ঘটনার শিকার হয় অথবা (b) যেসব পরিস্থিতিতে হয়রানি, ভীতি প্রদর্শন এবং বুলিংয়ের অভিযোগসহ) নিরূপিত হয় যে স্কুলে ছেলেমেয়ের অব্যাহত উপস্থিতি ছেলেমেয়ের জন্য নিরাপদ নয়। ESSA সেফটি ট্রান্সফার (নিরাপত্তাজনিত বদলি) অনুরোধ সমন্বয় করবেন বরো ডিরেক্টর অব সাসপেনশন।

ESSA নিরাপত্তাজনিত বদলি নয় এমন ক্ষেত্রে, প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তির কাছ থেকে প্রয়োজনীয় কাগজপত্র লাভ করার এক সপ্তাহের মধ্যে ফ্যামেলি ওয়েলকাম সেন্টার-এর এক্সিকিউটিভ ডিরেক্টর বা ডিরেক্টর কিংবা ডিস্ট্রিক্ট 75-এ এনরোলড্ ছেলেমেয়ের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 অফিস নির্ধারণ করবে নিরাপত্তাজনিত বদলি মঞ্জুর করা হবে কি হবে না। এই প্রক্রিয়া নিম্নরূপ:

a. দুইভাবে নিরপাত্তাজনিত বদলির অনুরোধ করা যেতে পারে:

   i. পরিবার তার নিরাপত্তাজনিত কারণে বদলির অনুরোধ জমা দিতে পারবে তাদের বর্তমান স্কুলে, পরে তারা সেটা ফ্যামেলি ওয়েলকাম সেন্টারে পাঠিয়ে দেবে, কোনো ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে এনরোল ছেলেমেয়ের জন্য এ ধরনের অনুরোধের ক্ষেত্রে স্কুলে সেটাকে ডিস্ট্রিক্ট 75 অফিসে পাঠিয়ে দেবে।

   ii. পরিবারগুলি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন এবং বিভিন্ন কাগজপত্র জমা দিয়ে, যেমন ছেলেমেয়ে অথবা পিতামাতা কর্তৃক একটি লিখিত বিবৃতি, অথবা ট্রান্সফার অনুরোধের সমর্থনে অন্যান্য ডক্যুমেন্ট, নিরাপত্তাজনিত ট্রান্সফারের অনুরোধ জানাতে পারে। ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে এনরোল্ড শিক্ষার্থীর পরিবারকে এই ডকুমেন্ট জমা দিতে হবে ডিস্ট্রিক্ট 75 অফিসে।

b. নিরাপত্তাজনিত বদলি বিবেচনার জন্য একটি স্কুলকে অবশ্যই নিম্নলিখিত ডকুমেন্ট ফ্যামেলি ওয়েলকাম সেন্টারে, অথবা ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে এনরোলড্ ছেলেমেয়েদের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 অফিসে পাঠাতে হবে:

   i. সেফটি ট্রান্সফার ইনটেক ফরম;

   ii. সেফটি ট্রান্সফার সামারি অব ইনভেস্টিগেশন ফরম; এবং

   iii. স্কুল অকারেন্স রিপোর্ট (ঘটনার প্রতিবেদন) বা স্কুল থেকে অন্য কোন কাগজপত্র।

   পরিবার যদি স্কুলে পুলিশ রিপোর্ট, ডকেট নম্বর, কিংবা কোর্টের প্রামাণ্য নথি জমা দিয়ে থাকে, তাহলে স্কুলকে সেসব প্রামাণ্য নথিও পাঠাতে হবে। তবে কোনো নিরাপত্তাজনিত বদলি প্রক্রিয়াকরণ বা অনুমোদন করা বাধ্যতামূলক নয়।

c. যদি সহায়ক কাগজপত্র নিরাপত্তার বিষয়টি পর্যাপ্তভাবে বর্ণনা না করে অথবা যদি আরও তথ্য প্রয়োজন হয়, তাহলে ডিন, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল সিকিউরিটি, বা প্রিন্সিপ্যালকে, কিংবা কিংবা ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 অফিসকে অবশ্যই অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বরাবর আরও তথ্য পেশ করতে হবে।

d. সুরক্ষা বদলি সামগ্রীর প্রকৃতির ভিত্তিতে ফ্যামেলি ওয়েলকাম সেন্টার–এর এক্সিকিউটিভ ডিরেক্টর বা ডিরেক্টর কিংবা ডিস্ট্রিক্ট 75 অফিস স্টুডেন্ট সার্ভিস-এর ফিল্ড সাপোর্ট ডিরেক্টর ও বরো সেফটি ডিরেক্টর যারা অফিস অভ সেফটি অ্যান্ড ইউথ ডেভেলপমেন্ট-এর চিফ এক্সিকিউটিভ অফিসারের ভারপ্রাপ্ত হিসেবে কাজ করেন, তাদের সাথে পরামর্শ করতে পারেন।

e. যদি এটা নির্ধারিত হয়ে থাকে যে, ছেলেমেয়েকে বদলি করলে নিরাপত্তাজনিত সমস্যাটি সমাধান হয়ে যাবে (ঘটনাটি কোথায় ঘটেছিল, সে বিবেচনা ছাড়া), তাহলে ফ্যামেলি

ওয়েলকাম সেন্টার এক্সিকিউটিভ ডিরেক্টর বা ডিরেক্টর কিংবা ডিস্ট্রিক্ট 75 অফিস নিরাপত্তাজনিত বদলি: অনুমোদন করবে এবং সে ছেলেমেয়েকে কোথাও নতুন কোথাও প্লেসমেন্ট দেবে। সকল ক্ষেত্রেই পর্যালোচনা ও সিদ্ধান্তগ্রহণ ৫ কর্মদিবসের বেশি লাগা উচিত নয়।

f. যদি ছেলেমেয়ে বা পরিবার কোন ঘটনার (ঘটনাবলীর) কারণে নিরাপত্তাজনিত বদলির অনুরোধ জানান, সে ঘটনা কাছাকাছি সংঘটিত হয়ে থাকলেও স্কুলের মাঠে সংঘটিত না হয়, কিংবা একটি ঘটনা হিসেবে যদি স্কুলে তার কোনো রিপোর্ট করা না হয়, কিন্তু পরিবার যদি বিশ্বাস করেন যে, স্কুলটিতে সন্তানের অব্যাহত উপস্থিতি সন্তানের জন্য অনিরাপদ, তাহলে ফ্যামেলি ওয়েলকাম সেন্টার এক্সিকিউটিভ ডিরেক্টর বা ডিরেক্টর কিংবা ডিস্ট্রিক্ট 75 অফিস ভিন্ন ধরনের বদলির, যেমন গাইড্যান্স ট্রান্সফার (সেকশন IV.B.9 দ্রষ্টব্য) বা অন্য ধরনের বদলির (সেকশন IV.C) দ্রষ্টব্য), অনুরোধ জানানো যায় কি না, সেটা যাচাই করার জন্য পরিবারের সাথে কাজ করতে পারেন। এ ধরনের অবস্থার অন্তর্ভুক্ত হতে পারে বুলি বা হয়রানি করার অভিযোগ যার রেকর্ড স্কুলে নেই।

6. খেলাধুলা সংক্রান্ত বদলি (শুধু হাই স্কুলের ছেলেমেয়ের জন্য)

   a. সাধারণভাবে, খেলাধুলার কারণে কোনো বদলি নেই।

   b. নির্দিষ্ট কোন খেলায় আনুষ্ঠানিক পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ (PSAL) রস্টারে থাকা একজন শিক্ষার্থী অ্যাথলেট যে এমন একটি স্কুলে যায় যেটি ক্রমান্বয়ে তুলে দেয়া হচ্ছে এবং স্কুল সেই নির্দিষ্ট খেলাটি বাতিল করেছে, তখন সে অন্য একটি স্কুলে আবেদন করতে পারে। নির্দিষ্ট কোন খেলায় আনুষ্ঠানিক PSAL রস্টারে থাকা একজন শিক্ষার্থী অ্যাথলেট যে এমন স্কুলে যায় যেখানে দল অবলুপ্ত হয়েছে সেও অন্য একটি স্কুলে বদলির জন্য আবেদন করতে পারে। এসব ক্ষেত্রে, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট এমন একটি স্কুল চিহ্নিত করবে যেখানে আসন খালি রয়েছে এবং সেই খেলাটির জন্য PSAL দলও আছে এবং শিক্ষার্থী অ্যাথলেটের অ্যাকাডেমিক এবং অ্যাথলেটিক চাহিদা পূরণে একটি যথাযথ প্লেসমেন্টের ব্যবস্থাগ্রহণ করবে;

   c. নির্দিষ্ট কোন খেলায় আনুষ্ঠানিক PSAL রস্টারে থাকা একজন শিক্ষার্থী অ্যাথলেট যে পাবলিক স্কুল বাছাইয়ের অধীনে বদলির আবেদন করে সে ছেলেমেয়ে শুধু তার পাবলিক স্কুল বাছাইয়ের আবেদনে উল্লিখিত একটি স্কুলে বদলির জন্য যোগ্য;

   d. উপরে b এবং c অনুচ্ছেদে বর্ণিত ক্ষেত্রসমূহে, একজন শিক্ষার্থী অ্যাথলেট নতুন স্কুলে তার নির্দিষ্ট খেলাটিতে আনুষ্ঠানিক PSAL টিমে স্থান পাবে তার নিশ্চয়তা নেই এবং তাকে অবশ্যই তার জন্য চেষ্টা করতে হবে;

   e. স্কুল অ্যাথলেটিক্স সংক্রান্ত সকল বিধিবিধান PSAL স্টুডেন্ট অ্যাথলেট রুলসে অ্যান্ড রেগুলেশন্স কর্তৃক নিয়ন্ত্রিত হয়, যা পাওয়া যাবে www.psal.org) ওয়েবসাইটে।

7. যাতায়াতের সমস্যাজনিত বদলি (শুধু হাই স্কুলের ছেলেমেয়েদের জন্য)

   a. যাতায়াতের সমস্যাজনিত কারণে বদলির আবেদনের ক্ষেত্রে পরিবারকে অবশ্যই ঠিকানার যাচাইযোগ্য প্রমাণ পেশ করতে হবে;

b. যাতায়াতের সমস্যাজনিত কারণে বদলির জন্য বিবেচিত হতে হলে বাড়ি থেকে স্কুলে যাতায়াতের সময় 75 মিনিট বা তার বেশি অথবা অন্য কারণে পাবলিক ট্রান্সপোর্টেশনে যাতায়াত অসম্ভব (অর্থাৎ, 3 বারের বেশি পাবলিক ট্রান্সপোর্টেশন বদলি করতে হলে) হলে।

8. গাইড্যান্স ট্রান্সফার

a. গাইড্যান্স ট্রান্সফারের (তত্ত্বাবধান সমস্যার কারণে) অনুরোধ শুধু পিতামাতা বা স্বনির্ভর অপ্রাপ্ত বয়স্ক ছেলেমেয়ে, যে ছেলেমেয়ের বয়স 18 বছর বা বেশি, কিংবা যে সেকশন VII.A অনুযায়ী সঙ্গীহীন তরুণ-তরুণী, তিনি জানাতে পারবেন। কোনো ছেলেমেয়ের পক্ষে অন্য কোনো ব্যক্তি গাইড্যান্স ট্রান্সফারের অনুরোধ জানাতে হলে সে ব্যক্তিটিকে অবশ্যই ছেলেমেয়ের পিতামাতার, স্বনির্ভর অপ্রাপ্ত বয়স্কের, সঙ্গীহীন কিশোর-কিশোরীর প্রকৃত লিখিত সম্মতিপত্র উপস্থাপন করতে হবে, কিংবা এ ধরনের অনুরোধের ক্ষেত্রে ব্যক্তিটিকে 18 বছর বা অধিক বয়স্ক হতে হবে। এ ধরনের লিখিত সম্মতিপত্র অবশ্যই ফ্যামিলি ওয়েলকাম সেন্টার বা ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিসে জমা দিতে হবে, যেখান থেকে পিতামাতা, স্বনির্ভর অপ্রাপ্ত বয়স্ক ছেলেমেয়ে, সঙ্গীহীন কিশোর-কিশোরী, কিংবা 18 বছর বা অধিক বয়স্ক শিক্ষার্থীর সাথে যোগাযোগ করা হবে।

b. কোনো পিতামাতা বা ছেলেমেয়ে যে স্বনির্ভর নাবালক, বয়স 18 বা অধিক, কিংবা যে সঙ্গীহীন তরুণ-তরুণী, সে গাইড্যান্স ট্রান্সফার (তত্ত্বাবধানজনিত বদলি) পাওয়ার অনুরোধ জানাতে পারবে, যদি সে প্রাতিষ্ঠানিকভাবে কিংবা সামাজিকভাবে অগ্রসরমান বা সফল না হয়, এবং বিকল্প ব্যবস্থায় স্থানান্তর যদি এসব সমস্যার সমাধান হয়ে থাকে।

c. যে কারণে গাইড্যান্স ট্রান্সফারের অনুরোধ জানানো হচ্ছে, তার প্রকৃতির ওপর নির্ভর করে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বা ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস সুপারিনটেনডেন্ট, স্টুডেন্ট সার্ভিসের বরো অফিস ডিরেক্টর বা গাইড্যান্স অ্যান্ড ক্লাইমেট ম্যানেজার, বরো সেফটি ডিরেক্টর, বরো অফিস হেলথ্ ডিরেক্টর, কিংবা অন্যান্য বিষয়বস্তু বিশেষজ্ঞ যিনি অনুরোধের কারণের সাথে সম্পর্কিত ধারণা ও সংশ্লিষ্টতা প্রদান করতে পারেন।

d. যখন বদলির অনুরোধের ভিত্তি হয় সাফল্য অর্জন বা ধারাবাহিক অনুপস্থিতিজনিত সমস্যা, তখন অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বা ডিস্ট্রিক্ট প্লেসমেন্ট অফিস সুপারিনটেনডেন্টের কাছে অনুমোদনের অনুরোধ জানাতে পারে। অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট, ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস, এবং/অথবা সুপারিনটেনডেন্ট বদলি সংক্রান্ত বিষয়ে প্রমাণ অথবা নথিপত্র সংগ্রহের জন্য প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করতে পারেন।

e. এই গাইডেন্স বদলি প্রক্রিয়া কেবলমাত্র তখন ব্যবহার করা হবে যখন ***পিতামাতা সূচনা*** করেন একটি স্বেচ্ছাকৃত অনুরোধের। যদি **প্রিন্সিপ্যাল** স্কুলে নিজেকে মানাতে ব্যর্থ হওয়ায় কোনো সন্তানের বদলির উদযোগ গ্রহণ করেন তাহলে অনৈচ্ছিক বদলি সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-450 বর্ণিত পদ্ধতিসমূহ প্রযোজ্য হবে এবং প্রিন্সিপ্যালকে অবশ্যই সেখানে প্রতিষ্ঠিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

f. যদি কোনো ছেলেমেয়ে বুলি বা হয়রানির কারণে বদলির অনুরোধ জানায়, কিন্তু পরিবার বা স্কুল যদি নিরাপত্তাজনিত বদলির স্বপক্ষে কোনো নথি উপস্থাপন করতে ব্যর্থ হয়, কিংবা

কথিত অভিযোগ যদি স্কুলের অভ্যন্তরে না হয়ে থাকে, তাহলে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বা ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস এই বদলিকে গাইড্যান্স ট্রান্সফার বা যথাযথ আন্য কোনো বদলি হিসেবে প্রক্রিয়াকরণ করতে পারবে।

C. অন্যান্য বদলি: প্রমাণিত সমস্যার কারণে নয় বলে বিবেচিত বদলিসহ অন্যান্য বদলির প্রতিটি ঘটনা অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বা ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে সুপারিশকৃত ছেলেমেয়ের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস আলাদা আলাদাভাবে বিবেচনা করতে পারে। সকল ক্ষেত্রে, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট, অথবা ডিস্ট্রিক্ট 75-প্লেসমেন্ট অফিস বদলির আবেদন হয় প্রত্যাখ্যান অথবা অনুমোদন করবে এবং কোন স্কুলে ছেলেমেয়েকে বদলি করা হবে, তা নির্ধারণ করবে। নির্দিষ্ট কোন স্কুলে ভর্তির নিশ্চয়তা নেই; নতুন স্কুলে ভর্তির বিষয়টি নির্ভর করবে আসন লভ্যতা এবং প্রযুক্ত হলে, যোগ্যতার উপর।

## V. প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের ভর্তি ও এনরোলমেন্টের নিয়ম

ছেলেমেয়েদের ভর্তি ও এনরোলমেন্ট প্রক্রিয়া নিয়ন্ত্রণকারী সকল নীতিসহ প্রতিবন্ধিতাহীন ছেলেমেয়েদের শিক্ষায় ভর্তি, পুনঃভর্তি, এবং এনরোলমেন্ট সংক্রান্ত সকল নীতি প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েদের ভর্তির ক্ষেত্রেও প্রযোজ্য।

A. যেসব ছেলেমেয়েদের IEP আছে, তাদেরকে নিম্নলিখিত নীতি অনুযায়ী বদলি ও ভর্তি করা হবে:

1. যখন IEP-তে কোন পরিবর্তন হয়, তখন প্রতিবন্ধী শিক্ষার্থীদের অধিকার আছে তাদের বর্তমান ডিস্ট্রিক্ট 1-32 স্কুলে থেকে যাওয়ার যদি না পরিবর্তনগুলোর কারণে ডিস্ট্রিক্ট 75 ভর্তি বা নন-পাবলিক স্কুলে ভর্তিতে আবশ্যক না হয়।

2. যখন ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট থেকে একটি ডিস্ট্রিক্ট 1-32 প্লেসমেন্টে IEP প্রোগ্রাম সুপারিশে কোনো পরিবর্তন হয়, তখন ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস একটি ডিস্ট্রিক্ট 1-32 স্কুলে প্লেসমেন্টের জন্য অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্টে অনুরোধ জানাবে এবং ছেলেমেয়েটির স্কুল প্লেসমেন্ট নির্ধারণ করবে।

3. ডিস্ট্রিক্ট 1-32 স্কুলে স্পেশালাইজড্ প্রোগ্রাম এবং সার্ভিস

   a. যদি ছেলেমেয়ের অটিজম স্পেক্ট্রাম ডিজঅর্ডার (ASD) থাকে, জ্ঞানগত প্রতিবন্ধিত্ব (ACES) থাকে, যদি ছেলেমেয়েকে দ্বিভাষিক স্পেশাল এডুকেশনে সুপারিশ করা হয়, এবং ছেলেমেয়ে ডিস্ট্রিক্ট 75 স্পেশাল এডুকেশন ইনক্লুসিভ সার্ভিস পায়, তাহলে DOE সে প্রোগ্রামে একটি নতুন প্লেসমেন্ট পাওয়া পর্যন্ত ছেলেমেয়েটির অধিকার থাকবে তার বর্তমান স্কুলে অবস্থান করার। সেই সময়টিতে ছেলেমেয়েকে বদলি করা হবে।

   b. যদি কখনো, শেষ গ্রেডের আগে পর্যন্ত, একটি ছেলেমেয়ের IEP-তে আর স্পেশালাইজড্ প্রোগ্রাম বা সার্ভিসের চাহিদা প্রতিফলিত না হয়, তাহলে ছেলেমেয়েই শেষ গ্রেড অবধি স্কুলটিতে থাকবে বলে প্রত্যাশা করা হয় এবং তার তা করার অধিকার আছে। ছেলেমেয়ের আসন লভ্যতা সাপেক্ষে তাদের জোন স্কুলে বদলি নেওয়ার অধিকার রয়েছে।

B. IEP আছে এমন ছেলেমেয়ে NYC স্কুল ডিস্ট্রিক্ট-এ নবাগত বা পুনঃপ্রত্যাগত শিক্ষার্থীকে প্রবিধানের পুনঃভর্তি ও ভর্তির নিয়ম অনুসরণ করতে হবে। যেসব ছেলেমেয়ের বাইরের স্টেটের IEP রয়েছে, তাদের ক্ষেত্রে নিম্নলিখিত বাড়তি প্রক্রিয়াগুলো প্রযুক্ত হবে:

1. ছেলেমেয়েকে তার DOE বহির্ভূত IEP-তে বর্ণিত পরিষেবার তূল্য সার্ভিস প্রদান করতে কমিটি অন স্পেশালাইজড় এডুকেশন (CSE) কিংবা স্কুল একটি কম্প্যারেবল সার্ভিসেস প্ল্যান (তুলনামুলক পরিষেবা পরিকল্পনা, CSP) তৈরি করবে।
2. স্কুল অবিলম্বে সে CSP বাস্তবায়ন করবে। ছেলেমেয়ের স্কুলকে, কিংবা প্রযোজ্য ক্ষেত্রে CSE-কে অবশ্যই 30 দিনের মধ্য একটি নতুন IEP তৈরি করতে হবে।

C. প্রবেশযোগ্যতায় বিশেষ ব্যবস্থার প্রয়োজন, এমন ছেলেমেয়েদের জন্য:

কিন্ডারগার্টেন, মিডল্ স্কুল এবং হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় যেসব ছেলেমেয়ে প্রবেশযোগ্যতার প্রমাণিত চাহিদা আছে, তাদেরকে তাদের চাহিদা পূরণে সক্ষম বলে চিহ্নিত কোনো DOE স্কুলে ভর্তির জন্য সর্বাগ্রে সুযোগ দেওয়া হবে। যেসব মিডল্ স্কুলে ও হাই স্কুলে বাছাইকৃত প্রোগ্রাম রয়েছে, সেগুলোর জন্য অবশ্যই ছেলেমেয়েদেরকে ভর্তির মানদণ্ড পূরণ করতে হবে।

## VI. বাসস্থানের ঠিকানা নিশ্চিত হওয়া ও যাচাই করা

A. রেজিস্ট্রেশন, এনরোলমেন্ট এবং অ্যাডমিশনের জন্য একটি ছেলেমেয়ের মাত্র একটি বৈধ বাসস্থান থাকতে পারে।

B. একটি ছেলেমেয়ের বাসস্থান নিরূপিত হয় নিম্নরূপে:

1. বাসস্থান নির্ধারণ করা হয় একজন ব্যক্তির বসবাসের উদ্দেশ্যে একটি স্কুল ডিস্ট্রিক্টের ভৌগলিক সীমানার মধ্যে শারীরিকভাবে উপস্থিতির ভিত্তিতে।
2. একটি ছেলেমেয়ের বাসস্থান নির্ভর করে তার পরিচর্যা, হেফাজত এবং নিয়ন্ত্রণ সংক্রান্ত নিরূপিত প্রামাণিক তথ্যের উপর।
3. যে ছেলেমেয়ের পিতামাতারা আলাদা থাকেন, তাদের ক্ষেত্রে হেফাজতকারী পিতামাতার ঠিকানাই ছেলেমেয়ের বাসস্থান হিসাবে গণ্য করা হয়। যদি উভয় পিতামাতাকে যৌথ হেফাজতের অধিকার দেয়া হয়ে থাকে, তাহলে ছেলেমেয়ের বাসস্থান হচ্ছে সেই পিতামাতার ঠিকানা যার প্রাথমিক শারীরিক হেফাজতি আছে।
4. যদি পিতামাতার NYC-তে একটির বেশি বাসস্থান থাকে তাহলে শিক্ষার্থী যে বাড়িতে বসবাস করে, সেটিকেই স্কুলে রেজিস্ট্রেশনের জন্য ব্যবহার করতে হবে।

C. একটি ছেলেমেয়েকে স্কুলে ভর্তি করার সময়ে অবশ্যই ঠিকানার প্রমাণ পেশ করতে হবে। টেলিফোন বিল, ক্রেডিট কার্ড বিল, বা মেডিকেল ইন্সুরেন্স কার্ড ঠিকানার গ্রহণযোগ্য প্রমাণ নয়। ঠিকানার প্রমাণ দিতে নিচে উল্লিখিত যেকোন দুটি ডক্যুমেন্ট অবশ্যই দেখাতে হবে, প্রত্যেকটিতে অবশ্যই বাড়ির ঠিকানার উল্লেখ থাকতে হবে

1. ঠিকানার প্রমাণ দিতে হবে নিচে উল্লিখিত যেকোন **দুটি** ডকুমেন্ট দ্বারা:
    a. বাড়ির মূল লিস এগ্রিমেন্ট, দলিল অথবা মর্টগেজের স্টেটমেন্ট;
    b. বাড়িতে বসবাসকারীর নামে কোন ইউটিলিটি কোম্পানি কর্তৃক (যেমন ন্যাশনাল গ্রিড অথবা কন এডিসন) ইস্যুকৃত বাড়ির ইউটিলিটি বিল (গ্যাস অথবা ইলেক্ট্রিক বিল) – যা অবশ্যই বিগত 60 দিনের মধ্যে ইস্যুকৃত হতে হবে;

c. বাসভবনে প্রদত্ত কেবল টেলিভিশন পরিষেবার বিল; অবশ্যই পিতামাতার নাম ও বাসস্থানের ঠিকানা অন্তর্ভুক্ত থাকতে হবে এবং তা বিগত ৬০ দিনের মধ্যের তারিখযুক্ত হতে হবে;

d. IRS, সিটি হাউজিং অথরিটি, ফেডারেল অফিস অভ রিফ্যুজি রিসেটেলমেন্ট, NYC হিউম্যান রিসোর্স অ্যাডমিনিস্ট্রেশন, অথবা NYC অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেস (ACS), অথবা ACS সাবকন্ট্রাক্টরসহ ফেডারেল, স্টেট অথবা লোকাল গভর্নমেন্ট এজেন্সির লেটারহেডে চিঠি যেখানে বসবাসকারীর নাম এবং ঠিকানা উল্লেখ থাকবে; এবং বিগত 60 দিনের মধ্যের তারিখযুক্ত হতে হবে;

e. বাসিন্দার নমে ইস্যুকৃত বাড়ির বর্তমান প্রপার্টি ট্যাক্স বিল।

f. ঘরের পানির বিল; অবশ্যই বিগত ৯০ দিনের মধ্যে ইস্যুর তারিখযুক্ত।

g. বাড়িভাড়ার রসিদ যেখানে বাড়ির ঠিকানা অন্তর্ভুক্ত থাকবে এবং তা অবশ্যই বিগত ৬০ দিনের মধ্যে ইস্যুর তারিখযুক্ত।

h. স্টেট, সিটি, অথবা অন্য গভর্নমেন্ট ইস্যুকৃত আইডি (IDNYC কার্ডসহ) যা মেয়াদ উত্তীর্ণ নয় এবং যেখানে বাড়ির ঠিকানার উল্লেখ রয়েছে;

i. গত ক্যালেন্ডার বছরের ইনকাম ট্যাক্স ফরম;

j. মেয়াদ উত্তীর্ণ নয় এমন অফিসিয়াল NYS ড্রাইভার লাইসেন্স অথবা লার্নার পারমিট;

k. নিয়োগদাতার কাছ থেকে বিগত 60 দিনের মধ্যের তারিখযুক্ত বেতনের সরকারি কাগজপত্র যেমন বাড়ির ঠিকানাযুক্ত পে-স্টাব, ট্যাক্স কাটার উদ্দেশ্যে জমা দেয়া ফরম বা বেতনের রিসিট (নিয়োগদাতার লেটারহেডে চিঠি গ্রহণযোগ্য হবে না); অবশ্যই বিগত 60 দিনের মধ্যের তারিখযুক্ত হতে হবে;

l. ভোটার রেজিস্ট্রেশন ডক্যুমেন্ট, যাতে পিতামাতার নাম ও বাড়ির ঠিকানা অন্তর্ভুক্ত রয়েছে

m. বসবাসের ভিত্তিতে মেয়াদ অনুত্তীর্ণ সদস্যপত্র (যেমন নেইবারহুড রেসিডেন্টস্ অ্যাসোসিয়েশন), যাতে পিতামাতার নাম ও আসিন্দাদের বাড়ির ঠিকানা থাকবে;

n. সন্তানের কাস্টোডির প্রমাণ, যাতে অন্তর্ভুক্ত আছে, তবে বিচার বিভাগীয় আদেশ অথবা অভিভাবকত্বের কাগজপত্রের মধ্যে সীমাবদ্ধ নয়: কাগজপত্র অবশ্যই বিগত 60 দিনের মধ্যে ইস্যুকৃত এবং সন্তানের নাম ও বাসস্থানের ঠিকানা থাকতে হবে

এককভাবে উপরের তালিকার কোনটিই যথেষ্ট নয়। বসবাসের দুইটি প্রমাণ আবশ্যক হয়, ব্যতিক্রম শুধু যেখানে তৃতীয় ব্যক্তির এফিডেভিট একটি ডকুমেন্ট, সেখানে বসবাসের তিনটি প্রমাণ আবশ্যক হয় (যা নিচের অনুচ্ছেদ 2-এ ব্যাখ্যাত হয়েছে)। কোন পিতামাতা যদি অ্যfপার্টমেন্ট বা বাড়ি সাবলেট নেন, বা একটির বেশি পরিবার থাকার জায়গা ভাগাভাগি করে ব্যবহার করেন এবং শুধু একজন লিজগ্রহীতা অথবা বাড়ির মালিক থাকেন, পিতামাতাকে অবশ্যই মূল লিজগ্রহীতা এবং পিতামাতা উভয়ের যৌথ স্বাক্ষরিত "অ্যাড্রেস এফিডেভিট" এ পিতামাতাকে হলফ করে বলতে হবে পরিবারটি উক্ত বাড়িতে বসবাস করছে এবং পরিবারটির অ্যাপার্টমেন্ট বা বাড়ির ঠিকানাযুক্ত আরো দুইটি নথির মাধ্যমে বাসস্থানের প্রমাণ দেওয়া যাবে। ঠিকানার এফিডেভিটের স্বাক্ষরগুলি নোটারিকৃত হওয়া বাঞ্ছনীয়, তবে নোটারিকৃত স্বাক্ষরের অভাবে প্রাথমিক লিজগ্রহীতা ও উক্ত অ্যাপার্টমেন্ট বা

বাড়িতে পিতামাতাটির বসবাসের প্রমাণ দেয় এরকম আরো দুইটি নথির মাধ্যমে এফিডেভিট গ্রহণ করা যাবে। পিতামাতা যদি এধরনের ঠিকানার এফিডেভিট সংগ্রহে অপারগ হন তাহলে পিতামাতা একজন তৃতীয় ব্যক্তির এইমর্মে প্রত্যায়িত বিবৃতি জমা দিতে পারেন যে পিতামাতা একটি নির্দিষ্ট ঠিকানায় বসবাস করেন ("তৃতীয় বক্তির এফিডেভিট"), সঙ্গে পরিবারটি উপর্যুক্ত ঠিকানায় বসবাস করে প্রতিপাদনকারী উপর্যুক্ত VII.A.1 সেকশনে উল্লিখিত তালিকার পরিবারটি উপর্যুক্ত ঠিকানায় বসবাস করে প্রতিপাদনকারী অন্যান্য ডকুমেন্ট। অন্যের সাথে বাসস্থান ভাগাভাগি করে বসবাসকারীরাসহ অস্থায়ী আবাসনের (টেম্পোরারী হাউজিংয়ের) শিক্ষার্থী এবং ফস্টার হোমের শিক্ষার্থীদেরকে রেজিস্টার বা এনরোল করতে কোনো অ্যাফিডেবিট দেখাতে হবে না।

2. বাড়ির ঠিকানার প্রমাণের পর্যাপ্ততা নিয়ে যদি কোন প্রশ্ন থাকে, অথবা পিতামাতা যথাযথ কাগজপত্র পেশে অসমর্থ হন, তাহলে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট অথবা স্কুল, যেখানে প্রযোজ্য, সাময়িক ভিত্তিতে ছেলেমেয়েকে রেজিস্টার করবে। ঠিকানা তদন্তের ফল মুলতবি সাপেক্ষে ছেলেমেয়েকে স্কুলে সাময়িকভাবে ভর্তি করা হচ্ছে একথা উল্লেখ করে পিতামাতাকে একটি প্রভিশনাল রেজিস্ট্রেশন নোটিস দেয়া হবে। নিচের "ফলসিফিকেশন অ্যান্ড ইনভেস্টিগেশন অভ রেসিডেন্সি" (ঠিকানা জালিয়াতি এবং তদন্ত) সম্পর্কিত প্রক্রিয়া অনুসারে ঠিকানা যাচাইয়ের উদ্যোগ গ্রহণ করার দায়িত্ব ছেলেমেয়েকে ভর্তিকারী স্কুলের। ছেলেমেয়েকে প্রত্যাখ্যান কর যাবে না এবং তদন্ত মুলতুবিকালে তার ক্লাস করার অধিকার আছে। অস্থায়ী আবসনে বসবাসকারী শিক্ষার্থীদের ক্ষেত্রে এই তদন্ত ও ঠিকানার প্রমাণ *ম্যাককিনি-ভেনটো অ্যাক্টের* সুরক্ষাপ্রাপ্ত।

3. অন্যের সাথে বাসস্থান ভাগাভাগি করে বসবাসকারীরাসহ অস্থায়ী বাসস্থান অথবা প্রযত্ন প্রদানকারীর তত্ত্বাবধানে থাকা শিক্ষার্থীদের জন্য মূল লিজগ্রহীতা/ভাড়াটেকে বাসস্থানের প্রমাণের এফিডেভিট জমা দিতে হবে না।

D. ঠিকানা জালিয়াতি এবং আবাসন বিষয়ক তদন্ত

যদি ছেলেমেয়ের ঠিকানা বিষয়ে প্রশ্ন থাকে অথবা সন্দেহ থাকে যে রেজিস্টার করার জন্য ভুয়া ঠিকানা দেয়া হয়েছে, তাহলে সমস্যাটি জানার 30 দিনের মধ্যে স্কুলকে অবশ্যই ছেলেমেয়ের ঠিকানা যাচাইয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে।

1. যদি এটি প্রমাণিত হয় যে ছেলেমেয়ে এমন ঠিকানায় বাস করে যেটি ছেলেমেয়েকে বর্তমান স্কুলে ভর্তির ক্ষেত্রে অযোগ্য করে তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই তদন্তের ফল বরো অফিসের পয়েন্ট পারসনের গোচরে আনতে হবে। বরো অফিস পয়েন্ট পারসন ফল পর্যালোচনা করবেন এবং তিনি যদি যথাযথ মনে করেন তাহলে বরো অফিসের ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিসেস বা তার মনোনীত ব্যক্তির কাছে বদলি অনুরোধের সুপারিশ করবেন। এছাড়া, বরো অফিস পয়েন্ট পারসন সন্তান যেখানে থাকে তার প্রকৃত ঠিকানা নিশ্চিত করবে। বরো অফিস ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিস, অথবা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই তদন্তের কাগজপত্র পর্যালোচনা করে নির্ধারণ করবেন বদলি করার পক্ষে যথেষ্ট প্রমাণ আছে কিনা। বরো অফিস ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিসেস বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, অবশ্যই এরপর ছেলেমেয়ের বদলি অনুমোদনের খবর ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের এক্সিকিউটিভ ডিরেক্টর বা ডিরেক্টরকে অবহিত করবেন।

2. যদি ছেলেমেয়েকে বদলি করতে হয়, প্রিন্সিপ্যালের অবশ্যই তা নিচের বিষয়গুলো উল্লেখ করে লিখিতভাবে পিতামাতাকে অবহিত করতে হবে:

a. তদন্তের ফল;
b. সন্তান বর্তমান স্কুলে যাওয়ার যোগ্য নয় এবং তাকে যথাযথ স্কুলে বদলি করা হবে;
c. ছেলেমেয়ে যেখানে আসনলাভ করার জন্য যোগ্য সেই নতুন স্কুলের নাম, নম্বর এবং ঠিকানা, এবং সন্তান যে তারিখে সন্তানকে রেজিস্টারে স্থান দেওয়া হবে, সেটা; এবং
d. অবহিতকরণ চিঠি পাওয়ার 5 দিনের মধ্যে স্কুলের বরো অফিস অভ ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিসেস অথবা তার স্থলাভিষিক্ত ব্যক্তির কাছে তদন্তের ফলের বিরুদ্ধে আপিল করার অধিকার।

3. আপিল নিষ্পত্তির আগেই ছেলেমেয়েকে বদলি করা হবে যদি না বরো অফিস ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিসেস বা তার স্থলাভিষিক্ত ব্যক্তি, প্রিন্সিপ্যাল এবং ফ্যামিলি ওয়েলকাম সেন্টার এক্সিকিউটিভ ডিরেক্টর বা ডিরেক্টরের সঙ্গে আলোচনাক্রমে, নিশ্চিত করেন যে এটি যথাযথ নয়। আপিল আদেশ 10 স্কুলদিবসের মধ্যে জারি করতে হবে।

4. যেখানে আপনার সন্তানকে বদলি করা হবে, এমন একটি যথাযথ স্কুল নির্ধারণ করার জন্য পিতামাতাকে ঠিকানার যাচাইযোগ্য প্রমাণ দাখিল করতে হবে।

a. যদি ছেলেমেয়ের প্রকৃত জোন স্কুল ঠিকানার তদন্ত প্রক্রিয়ার মাধ্যমে যাচাইকৃত হয়, তাহলে বর্তমান বা প্রস্তাবিত স্কুলের প্রিন্সিপ্যাল লিখিত নোটিসে জোন স্কুলের নাম অন্তর্ভুক্ত করে পিতামাতাদের উক্ত জোন স্কুলে পাঠাবেন (উপরে প্যারাগ্রাফ D.2 দেখুন)।
b. যদি ছেলেমেয়ের জোন স্কুল না থাকে অথবা হাই স্কুলে ভর্তি হওয়ার যোগ্যতা থাকে, ফ্যামিলি ওয়েলকাম সেন্টার এক্সিকিউটিভ ডিরেক্টর বা ডিরেক্টর নতুন স্কুল নির্ধারণ করবেন। অন্য একটি বরোর স্কুলে বদলির ক্ষেত্রে, গ্রহণকারী বরোর ফ্যামিলি ওয়েলকাম সেন্টার এক্সিকিউটিভ ডিরেক্টর বা ডিরেক্টর নতুন স্কুল নিরূপণ করবেন এবং যথাযথ হলে ছেলেমেয়েকে রেজিস্টারে স্থান দেবেন।
c. যদি নিরূপিত হয় যে ছেলেমেয়ে NYC-তে থাকে না, তাহলে ছেলেমেয়েটিকে অনাবাসী বিবেচনা করা হবে, এবং সেক্ষেত্রে পিতামাতাকে চ্যান্সেলরের প্রবিধান A-125 অনুসারে ছেলেমেয়ের স্কুলে উপস্থিতকালের জন্য বেতন দিতে হবে, এবং নিরুপণ-সময়ের সেমেস্টারশেষে অনবাসী হিশেবে ছেলেমেয়েকে অব্যাহতি দেওয়া হবে। এছাড়া, ছেলেমেয়েটিকে অনাবাসী হিশেবে NYC স্কুল ডিস্ট্রিক্ট-এ এনরোল থাকার জন্য আবেদন করার সকল যোগ্যতা হারায়।

5. অস্থায়ী বাসস্থান এবং প্রযত্ন প্রদানকারীর তত্ত্বাবধানে থাকা ছেলেমেয়ের স্কুলে ভর্তির জন্য ঠিকানার প্রমাণ জমাদানের আবশ্যিকতা নেই; তথাপিও, ছেলেমেয়ের ঠিকানা সম্পর্কিত প্রশ্ন উঠলে অথবা ঠিকানা মিথ্যা সন্দেহের ক্ষেত্রে তাদের ঠিকানার তদন্ত হতে পারে। বাড়ি পরিদর্শন করে ছেলেমেয়ের অস্থায়ী বাসস্থান যাচাইয়ের পর, ছেলেমেয়ের বাসস্থানের বাড়তি ডক্যুমেন্ট প্রদান ছাড়াই স্কুলে যোগদান অব্যাহত রাখতে পারে।

## VII. বিশেষ পরিস্থিতি

A. অভিভাবক ছাড়া উপস্থিত হওয়া শিক্ষার্থী

1. সঙ্গীহীন তরুণ-তরুণী বা স্বনির্ভর নাবালক ছেলেমেয়ে

   a. এ প্রবিধানের প্রাসঙ্গিক উদ্দেশ্যের চ্যান্সেলরের প্রবিধান A-780-এ সংজ্ঞায়িত সঙ্গীহীন তরুণ-তরুণীর একই অধিকার রয়েছে যা সাময়িক আবাসনের অবস্থিত ছেলেমেয়েদের আছে (নিচে সেকশন VII.C দেখুন)। এসব ছেলেমেয়েকে পিতামাতাদের সাথে উপস্থিত হতে হবে না বা রেজিস্টার, এনরোল বা ট্রান্সফারের জন্য কোনো নথি দিতে হবে না।

   b. স্বনির্ভর নাবালকের অর্থ হলো কোনো ছেলেমেয়ে (বয়স 16-17০ যে বিবাহিত বা পিতামাতার কাছ থেকে আলাদা থাকে, তার পিতামাতার কাছ থেকে কোনো আর্থিক সাহায্য নেয় না, এবং যার ফস্টার পিতামাতা নেই বা তার প্রয়োজন নেই। এসব ছেলেমেয়েকে রেজিস্টার, এনরোল বা ট্রান্সফারের জন্য পিতামাতাদের সাথে উপস্থিত হতে হবে না।

      i. কোনো স্বনির্ভর নাবালককে একটি অ্যাফিডেভিট অভ ইমানসিপেশন (বন্ধন-মুক্তির শপথপত্র)-তে সই করতে বা একটি ম্যারেজ সার্টিফিকেট দেখাতে হবে।

      ii. বাসস্থানের প্রমাণ হিসাবে ছেলেমেয়ের নামে ভাড়ার রিসিট, যে ব্যক্তি থাকার জায়গা দিয়েছেন তার বিবৃতি দেখান যেতে পারে।

   c. একজন সঙ্গীহীন তরুণ-তরুণী বা স্বনির্ভর নাবালককে স্কুলে রেজিস্টার, এনরোল বা বদলি হওয়ার জন্য একজন প্রাপ্তবয়স্কের সঙ্গে আসার আবশ্যক হয় না। ACS-কে জানানো হবে কি-না, ছেলেমেয়ের বয়স ও পরিস্থিতির কথা বিবেচনা করে প্রযোজ্য ফ্যামিলি ওয়েলকাম সেন্টার, ডিস্ট্রিক্ট 75 অফিস, কিংবা স্কুল কর্মকর্তাদেরকে অবশ্যই সেটা নিশ্চিত করতে হবে।

2. নিখোঁজ ও পলাতক ছেলেমেয়ে

   a. নিখোঁজ বলতে বুঝায় যে ছেলেমেয়েকে তার যথাযথ তত্ত্বাবধানের অধিকারী পিতামাতার কাছ থেকে নিয়ে যাওয়া হয়েছে।

   b. পলাতক তরুণ-তরুণী বলতে বুঝায় কোনো ব্যক্তি যার বয়স 18 বছরের কম এবং তারা বাড়িতে ফেরে না বা পিতামাতার অনুমতি ছাড়া তারা তাদের আইনসঙ্গত বাসস্থান ত্যাগ করেছে।

   c. যদি এমন সন্দেহ থাকে যে একটি ছেলেমেয়ে যাকে স্কুলে রেজিস্টার করা হচ্ছে সে একজন নিখোঁজ বা পলাতক ছেলেমেয়ে হতে পারে, তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই ছেলেমেয়েটিকে রেজিস্টার করতে হবে এবং অবিলম্বে স্থানীয় পুলিশ প্রিসিংক্টে যোগাযোগ করতে হবে।

3. বতর্মানে কোনো DOE স্কুলে রেজিস্টার করা নেই, এমন যেসব ছেলেমেয়ে পিতামাতা ছাড়া আসে, তাদেরকে রেজিস্টার করতে হবে, এমন কি যদি পিতামাতা ছাড়া আসার কারণ সাথে সাথে নিশ্চিত হওয়া না গেলেও।

B. অস্থায়ী আবাসনে থাকা শিক্ষার্থীগণ

1. সংজ্ঞা:

a. অস্থায়ী আবাসনে থাকা কোনো শিক্ষার্থী হচ্ছে সে যার একটি স্থায়ী, নিয়মিত এবং পর্যাপ্ত রাত্রিকালীন বাসস্থান নেই। এর অন্তর্ভুক্ত আছে সেসব ছেলেমেয়ে যারা:

- আর্থিক দুর্দশার অথবা এধরনের অন্য কোন কারণে অন্য কারও সাথে ভাগাভাগি করে বাস করছে ("ডাবলড আপ" নামে অভিহিত), অথবা বসবাসের পর্যাপ্ত বিকল্প বন্দোবস্ত না থাকায় কোন মোটেল, হোটেল, ট্রেইলার পার্ক কিংবা কোন ক্যাম্প-গ্রাউন্ডে বসবাস করছে; অথবা
- জরুরি বা পরিবর্তনকালীন পরিস্থিতিতে অস্থায়ী থাকার জায়গা হিসোবে পরিকল্পিত সরকারি বা বেসরকারি পরিচালনাধীন ভর্তুকিপ্রাপ্ত আশ্রয়ে (কমার্শিয়াল হোটেল, গণ-আশ্রয়কেন্দ্র, গার্হস্থ্য নির্যাতনের শিকারদের জন্য আবাসিক কর্মসূচি এবং মানসিক অসুস্থদের জন্য সাময়িক ব্যবস্থাসহ) থাকছে; অথবা
- কোন হাসপাতালে পরিত্যক্ত; কিংবা
- কোন সরকারি বা বেসরকারি স্থানে থাকছে যেটি একটি নিয়মিত নিদ্রাস্থল হিসাবে পরিকল্পিত হয়নি বা সাধারণত ব্যবহার হয় না; অথবা
- গাড়ি, পার্ক, বারোয়ারি স্থান, পরিত্যক্ত বাড়ি, অনুপযোগী বাড়ি, বাস অথবা ট্রেন স্টেশন কিংবা এধরনের পরিবেশে বসবাস করছে।

b. মূল স্কুল বলতে বোঝায় ছেলেমেয়ে যখন স্থায়ী বাসস্থানে ছিল তখন যে স্কুলটিতে পড়ছিলো অথবা ছেলেমেয়েটি সর্বশেষ যে স্কুলে ভর্তি ছিলো, এর অন্তর্ভুক্ত প্রিস্কুল কর্মসূচি।

2. একজন অস্থায়ী আবাসনে থাকা শিক্ষার্থী হয় তার উৎস স্কুলে (স্কুল অভ অরিজিন) থাকতে পারে অথবা নতুন স্কুলে বদলি নিতে পারে, যেটির জন্য সাময়িক আবাসিক অবস্থানের ভিত্তিতে ছেলেমেয়েটির উপযুক্ততা আছে, এবং প্রযোজ্য ক্ষেত্রে, যেটিতে ভর্তি হওয়ার মানদণ্ড ছেলেমেয়েটি পূরণ করে, ছেলেমেয়ের কল্যাণের জন্য যেটি সবচেয়ে ভালো হয়। অস্থায়ী আবাসনে থাকে হাই স্কুল শিক্ষার্থীদের অন্য স্কুলে বদলি হওয়ার জন্য যাতায়াতে সমস্যার প্রমাণ দিতে হয় না। ছেলেমেয়ে যদি নতুন ঠিকানার ভিত্তিতে বেছে নেয় যে, সে নতুন স্কুলে যাবে, তাহলে সে স্কুলটিকে সাধারণভাবে আবশ্যিক কাগজপত্রগুলো উপস্থাপন করা সম্ভব না হলেও অবিলম্বে তাকে রেজিস্টার ও এনরোল করে নিতে হবে। হোমলেস ছেলেমেয়ের অধিকার সম্পর্কে আরও জানতে চ্যান্সেলরের প্রবিধান A-780 দেখুন।

3. এটি অনুমানযোগ্য যে, ছেলেমেয়েকে তার মূল স্কুলে রাখাই ছেলেমেয়ের সর্বোচ্চ স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়, এর ব্যতিক্রম শুধু ঐসব ক্ষেত্রে যখন পিতামাতা ভিন্ন স্কুল ভর্তির অনুরোধ জানান। সর্বোচ্চ স্বার্থের সিদ্ধান্তটি নেবার সময় বিভিন্ন উপাদান বিবেচনায় নেয়া উচিত, এর অন্তর্ভুক্ত: সাফল্যের উপর তার ট্রান্সফারের অভিঘাত, শিক্ষা, স্বাস্থ্য এবং নিরাপত্তা, এবং পিতামাতা অথবা সঙ্গীহীন তরুণ-তরুণীর পছন্দের অগ্রাধিকার।

a. চ্যান্সেলরের প্রবিধান A-780 সেকশন IV অনুসারে, যদি ছেলেমেয়ে তার মূল স্কুলে থাকবে, না নতুন কোনো স্কুলে বদলি হবে যেখানে যোগ্যতার মানদণ্ড অনুযায়ী সে ভর্তির যোগ্য ও আসন খালি আছে, সেটা নিয়ে কোনো বিবাদ দেখা দেয়, তাহলে বিবাদ চূড়ান্ত নিষ্পত্তি হওয়া পর্যন্ত DOE-কে অবশ্যই তাকে পিতামাতার (সঙ্গীহীন তরুণ-তরুণীর ক্ষেত্রে

তরুণ-তরুণী) স্থির করে দেওয়া স্কুলটিতে, অর্থাৎ মূল স্কুলে অথবা যোগ্যতার ভিত্তিতে ও আসন খালি থাকা সাপেক্ষ নতুন স্কুলে, এনরোল ও স্থানান্তর করতে হবে।

4. কোনো ডমেস্টিক ভায়োল্যান্স (পারিবারিক নির্যাতন:) আশ্রয়কেন্দ্রে বসবাসকারী ছেলেমেয়ের ঠিকনারা গোপন রাখতে হবে এবং তা কোনো অফিস বা এজেন্সিকে জানানো যাবে না।

5. স্থায়ী ঠিকানার অভাব ছেলেমেয়ের স্কুলে ভর্তি না করার আইনসঙ্গত ভিত্তি তৈরি করে না। *ম্যাককিনি-ভিন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্ট*-এর (42 U.S.C. §11431) টাইটেল VII এবং চ্যান্সেলরের প্রবিধান A-780 মোতাবেক অস্থায়ী আবাসনে থাকা ছেলেমেয়েরা অবিলম্বে নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোতে রেজিস্ট্রেশন ও এনরোলমেন্টের অধিকার রাখে যদি সে ভর্তির জন্য সাধারণভাবে যেসব ডক্যুমেন্ট আবশ্যিক সেগুলি উপস্থাপন নাও করতে পারে।

6. অস্থায়ী আবাসনে থাকা শিক্ষার্থীদের যারা সন্ধিযুক্ত গ্রেডগুলোতে (3-K, প্রি-K, কিন্ডারগার্টেন, গ্রেড 6 এবং গ্রেড 9) ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করছে:

    a. তাদেরকে ভর্তিতে স্থায়ীভাবে বসবাসরত ছেলেমেয়েদের সমান অগ্রাধিকার দিতে হবে; এবং

    b. যারা অস্থায়ী আবাসনে আছে, তাদের অবস্থানের ঠিকানার কারণে আবেদনের বা স্থান লাভের অযোগ্য বিবেচিত হলেও, এমন কি যদি তারা NYC-এর বাইরে অবস্থিত কোনো অস্থায়ী আবাসনের স্থানান্তরিতও হয়, তবুও তাদের জন্য স্কুল ও প্রোগ্রামে সমান স্তরের ভৌগলিক অগ্রাধিকারক্রম বজায় রেখে ভর্তি প্রক্রিয়া বহাল রাখাতে হবে।

7. যদি অস্থায়ী আবাসনের কোনো ছেলেমেয়ে বর্তমানে এমন কোনো স্কুলের এমন কোনো গ্রেডে ভর্তি থাকে যেটা স্কুলটির চূড়ান্ত গ্রেড এবং যদি সে NYC-এর বাইরে স্থায়ী আবাসনে স্থানান্তরিত হয়, তার অধিকার আছে 'নন-রেসিডেন্ট এনরোলমেন্ট ট্যুইশন' (অনাবাসিকদের জন্য ধার্য বেতন) পরিশোধ না করে তার মূল স্কুলটির চূড়ান্ত গ্রেড সমাপ্ত হওয়া পর্যন্ত এনরোল থাকার।

C. ফস্টার কেয়ার-এ থাকা শিক্ষার্থী

1. সংজ্ঞা:

    a. "ফস্টার কেয়ার" বলতে বোঝায় ছেলেমেয়েদের জন্মদাতা অথবা পালক পিতামাতার বিকল্প কারও রক্ষণাবেক্ষণের অধীনে দিনের 24-ঘণ্টা অবস্থান করা এবং এর জন্য চাইল্ড ওয়েলফেয়ার এজেন্সির নির্দিষ্ট ব্যবস্থাপনা ও দায়বদ্ধতা রয়েছে। এর অন্তর্ভুক্ত, কিন্তু এতেই সীমিত নয়, প্রযত্ন প্রদানকারীর বাড়িতে, আত্মীয়-স্বজনের বাড়িতে, গ্রুপ হোমে, জরুরি আশ্রয়কেন্দ্রে, আবাসিক ব্যবস্থাপনায়, চাইল্ড কেয়ার ইনস্টিটিউশনে, এবং দত্তক প্রদানের আগে অবস্থানে থাকা।

    b. মূল স্কুল বলতে বোঝায় ছেলেমেয়ে যখন স্থায়ী বাসস্থানে ছিল তখন যে স্কুলটিতে পড়তো অথবা ছেলেমেয়েটি সর্বশেষ যে স্কুলে ভর্তি ছিলো, এর অন্তর্ভুক্ত প্রিস্কুল প্রোগ্রাম। তবে, যখনি ছেলেমেয়েটিকে একটি নতুন স্কুলে বদলি করাই সবচেয়ে ভালো বলে নির্ধারণ করা হয়, তখন ছেলমেয়েটি আগে ছিলো, এমন যে কোনো স্কুলের জন্য অনুরোধ করা যেতে পারে এবং সেটাকে বিবেচনা করা হবে, যদি যোগ্যতা ও আসন খালি থাকে।

2. ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থী যারা তত্ত্বাবধানকারী পরিবর্তন করে, তাদের মূল স্কুলে যাওয়ার অধিকার রয়েছে, এমন কী যদি তারা অন্য স্কুল জোনে, ডিস্ট্রিক্টে, সিটিতে, অথবা স্টেটে চলে গেলেও, যদি না তাদের সর্বোচ্চ স্বার্থে কোন সিদ্ধান্ত নেয়া হয়।

    a. ছেলেমেয়ের সর্বোচ্চ স্বার্থ নির্ধারণের মধ্যে আছে ছেলেমেয়ে-কেন্দ্রিক উপাদানের বিবেচনা, যার মধ্যে থাকতে পারে: স্কুল থেকে রক্ষণাবেক্ষণকারীর দুরত্ব, ছেলেমেয়ে এবং/অথবা জন্মদাতা অথবা পালক কিংবা শিক্ষা-সংক্রান্ত সিদ্ধান্ত-গ্রহণের দায়িত্বে থাকা ব্যক্তি, অতীতে ছেলেমেয়েটির স্কুল নিয়ে ভোগ করা বিড়ম্বনার সংখ্যা, ছেলেমেয়ের ভাইবোন বা আত্মীয়দের স্কুলের অবস্থান, এবং ছেলেমেয়ের উপর স্কুল ট্রান্সফারের প্রতিক্রিয়া, যার অন্তর্ভুক্ত আছে যাতায়াতের ভুমিকা মূল স্কুল, ফস্টার কেয়ার এজেন্সি, ফস্টার প্যারেন্ট, ছেলেমেয়ে এবং জন্মদাতা বা পালক পিতামাতা কিংবা শিক্ষাগত সিদ্ধান্ত গ্রহণের দায়িত্বপূর্ণ যথাপ্রযোজ্য ব্যক্তিদের মতামত নিয়ে DOE-এর সহযোগিতাক্রমে সিদ্ধান্ত নিতে হবে ACS-কে।

    b. যদি এটি নির্ধরিত হয় যে, শিক্ষার্থীর সর্বোচ্চ স্বার্থে স্কুল পরিবর্তন প্রয়োজন, ফ্যামেলি ওয়েলকাম সেন্টারের এক্সিকিউটিভ ডিরেক্টর বা ডিরেক্টর, কিংবা ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামে এনরোল ছেলেমেয়েদের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 অফিস ছেলেমেয়ের যোগ্য স্কুলে ট্রান্সফার কার্যকর করবে। স্কুল অতিসত্বর ছেলেমেয়েকে এনরোল করবে, এমন কি যদি ছেলেমেয়ের নিয়মিতভাবে আবশ্যিক রেজিস্ট্রেশন বা এনরোল করার কোনো রেকর্ডপত্র নাও থাকে, এবং ছেলেমেয়ে আগে যে স্কুলে ভর্তি ছিল সেখানে দ্রুত যোগাযোগ করবে প্রাসঙ্গিক অ্যাকাডেমিক এবং অন্য রেকর্ড সংগ্রহ করার জন্য।

    c. হাই স্কুলে পাঠ্যরত প্রযত্ন প্রদানকারীর তত্ত্বাবধানে থাকা শিক্ষার্থীর ক্ষেত্রে যে ফস্টার কেয়ার পরিবর্তন করে, তারা নতুন ফস্টার কেয়ার প্রদানকারীর বাড়ির কাছের কোন স্কুলে ট্রান্সফার পেতে পারে যাতে যাতাযাতের বাড়তি ধকল তাদের সইতে না হয়, যদি নির্ধারিত হয় স্কুল ট্রান্সফারই শিক্ষার্থীর সর্বোচ্চ স্বার্থ সংরক্ষণ করে, যেভাবে প্যারাগ্রাফ 2.a-তে বলা হয়েছে।

3. যদি ফস্টার কেয়ারের কোনো ছেলেমেয়ে বর্তমানে এমন কোনো স্কুলের এমনে কোনো গ্রেডে ভর্তি থাকে যেটা স্কুলটির চূড়ান্ত গ্রেড এবং যদি সে NYC-এর বাইরে স্থায়ী ব্যবস্থায় স্থানান্তরিত হয়, তার অধিকার আছে 'নন-রেসিডেন্ট এনরোলমেন্ট ট্যুইশন' (অনাবাসিকদের জন্য ধার্য বেতন) পরিশোধ না করে তার মূল স্কুলটির চূড়ান্ত গ্রেড সমাপ্ত হওয়া পর্যন্ত এনরোল থাকার।

4. ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থীদের যারা সন্ধিযুক্ত গ্রেডগুলোতে (3-K, প্রি-K, কিন্ডারগার্টেন, গ্রেড 6 এবং গ্রেড 9) ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করছে:

    a. তাদেরকে ভর্তিতে অন্যান্য ছেলেমেয়েদের সমান অগ্রাধিকার দিতে হবে; এবং

    b. যারা ফস্টার কেয়ারে আছে, তাদের অবস্থানের ঠিকানার কারণে আবেদনের বা স্থান লাভের অযোগ্য বিবেচিত হলেও, এমন কি যদি তাদের NYC-এর বাইরে অবস্থিত কোনো ফস্টার কেয়ার পরিবর্তিতও হয়, তবুও তাদের জন্য স্কুল ও প্রোগ্রামে সমান স্তরের ভৌগলিক অগ্রাধিকারক্রম বজায় রেখে ভর্তি প্রক্রিয়া বহাল রাখাতে হবে।

D. বাড়ি বা হাসপাতালে অবস্থানকারী ছেলেমেয়েদের শিক্ষানির্দেশনা এবং DOE-বহির্ভূত হাসপাতাল বা ইনপ্যাশেন্ট ব্যবস্থাপনা থেকে ফিরে আসা ছেলেমেয়ে

1. একটি ছেলেমেয়ে যে বাড়িতে কিংবা হাসপাতালে শিক্ষানির্দেশনা পাচ্ছে বা পাবে, সে যতদিন বাড়িতে বা হাসপাতালে শিক্ষানির্দেশনা পাবে, ততদিন তাকে অবশ্যই তার চলমান বা নির্ধারিত স্কুলের রেজিস্টারে ("অ্যাফিলিয়েটেড" বা সংযুক্ত) ATS-এ রাখতে হবে। বাড়িতে বা হাসপাতালে শিক্ষানির্দেশনা গ্রহণকালে এ ধরনের ছেলেমেয়েকে অব্যাহতি দেওয়া যাবে না, এমন কি শিক্ষাবর্ষ বা পঞ্জিকাবর্ষ অতিক্রান্ত হওয়ার পরও বাড়িতে বা হাসপাতালে শিক্ষানির্দেশনা অব্যাহত থাকলেও অব্যাহতি দেওয়া যাবে না।

2. DOE-এর কোনো স্কুলে যায়নি, এমন যে ছেলেমেয়ে NYC-তে বসবাস করে ও বাড়িতে কিংবা হাসপাতালে শিক্ষানির্দেশনা পাচ্ছে বা পাবে, কিংবা যে অতীতে অব্যাহতি পাওয়ার পর NYC স্কুল ডিস্ট্রিক্ট-এ ফিরে আসছে, তাকে অবশ্যই ATS-এ তার জোন বা নির্ধারিত স্কুলে সংযুক্ত করতে হবে।

3. কোনো ছেলেমেয়ে যে DOE-বহির্ভূত হাসপাতাল বা ইনপ্যাশেন্ট ব্যবস্থা থেকে ফিরে আসছে, পরিবার একটি নতুন স্কুলে বদলির অনুরোধ না জানালে তার অধিকার আছে তার পূর্ববর্তী স্কুলে ফিরে আসার, যদি না সে ছেলেমেয়েকে ডিস্ট্রিক্ট 75-এ সুপারিশ করা হয়, যে ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস বদলির ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবে।

E. তত্ত্বাবধান থেকে প্রত্যাগত ছেলেমেয়ে

1. যেসব ছেলেমেয়ে স্টেট বা সিটির কাস্টোডিয়াল এজেন্সি বা বেসরকারি এজেন্সিমূহসহ কোন তত্ত্বাধানকারীর তত্ত্বাবধান থেকে NYC স্কুল ডিস্ট্রিক্ট-এ ফিরে আসবে, তারা লেখাপড়ার জন্য ত্বরায়িত ও উপযুক্ত স্থানলাভের অধিকারী। এসব কাস্টোডিয়াল (তত্ত্বাবধানকারী) এজেন্সির মধ্যে আছে গ্রুপ হোমস, সাইকায়াট্রিক সেন্টার, ডেভেলপমেন্টাল সেন্টার, কাস্টোডিয়াল ফ্যাসিলিটিজ, এবং আদালত নির্দেশিত ব্যবস্থা ও আবাসিক চিকিৎসা কেন্দ্র, যেগুলো নিউ ইয়র্ক স্টেট অফিস অভ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস ACS অথবা NYC ডিপার্টমেন্ট অভ কারেকশন্স-এর পৃষ্ঠপোষকতায় চলে। ছেলেমেয়েদের স্কুলে আবেদন, রেজিস্টার বা এনরোল করার আগে তত্ত্বাবধান কেন্দ্র থেকে অব্যাহতিগ্রহণের চিঠি নেয়ার প্রয়োজন নেই। এসব ছেলেমেয়ের প্রয়োজন নেই সশরীরে তাদের পিতামাতা সঙ্গে নিয়ে রেজিস্ট্রেশন করার।

2. স্কুলে প্রত্যাবর্তনের সুপারিশ করা হবে এটি বোঝার পরপরই এজেন্সির উচিত হবে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্টের যথোপযুক্ত অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বা ডিস্ট্রিক্ট 75 অফিসে IEP-সহ ছেলেমেয়ের প্রাসঙ্গিক স্কুল রেকর্ড উল্লেখ করে চিঠি দিয়ে ছেলেমেয়ের অবস্থার পরিবর্তনের কথা জানান।

3. যেসব ছেলেমেয়েকে NYC স্কুল ডিস্ট্রিক্ট থেকে ডিসচার্জ করা হয়েছিল এবং NYC-এর ভিতরে অথবা বাইরের কোন কাস্টোডিয়াল প্রতিষ্ঠান থেকে তারা অব্যাহতি লাভের আগে যে DOE স্কুলে ছিল, সেখানে ফেরার অধিকার আছে এই ডক্যুমেন্টের নীতিমালা অনুযায়ী। অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট ছেলেমেয়ে ও পিতামাতা এবং বরো অফিস পয়েন্ট পারসনের সাথে পরামর্শ করে নির্ধারণ করতে পারে যে, পূর্ববর্তী স্কুলটি যথোপযুক্ত নয় এবং সে কারণে ভিন্ন একটি স্কুল বের করতে পারে; অনুরূপভাবে ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামের ছেলেমেয়েদের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস ছেলেমেয়ে ও পিতামাতার

সাথে পরামর্শ করতে পারে, নির্ধারণ করতে পারে যে পূর্ববর্তী প্লেসমেন্ট যথাযথ নয়, এবং ভিন্ন একটি প্লেসমেন্ট বেছে নিতে পারে।

4. ছেলেমেয়েদের স্কুলে আবেদন, রেজিস্টার বা এনরোল করার আগে তত্ত্বাবধান কেন্দ্র থেকে অব্যাহতিগ্রহণের চিঠি নেয়ার আবশ্যিকতা নেই।

F. সাসপেনশন (সাময়িক বহিষ্কার) থেকে প্রত্যাগত ছেলেমেয়ে

1. সাসপেন্ড হওয়া ছেলেমেয়েদের অধিকার আছে তারা যে স্কুল থেকে সাসপেন্ড হয়েছিল সেখানে ফিরে যাওয়ার যদি না ছেলেমেয়েটি স্বেচ্ছায় অন্য স্কুলে বদলি নিয়ে থাকে অথবা চ্যান্সেলরের প্রবিধান A-450 মোতাবেক অনিচ্ছায় বদলি হয়ে তাকে। গ্রেড 5-এর ছেলেমেয়ে এবং গ্রেড 8-এর ছেলেমেয়েদের যারা সাসপেন্ড (সাময়িক বহিষ্কার) হয়েছে, যারা পরবর্তী ফল-এর (হেমন্তের) জন্য যথাক্রমে গ্রেড 6 বা গ্রেড 9-এর জন্য আসন বরাদ্দ পেয়েছিল, তাদের গ্রেড 5 ও গ্রেড 8-এর প্রমোশনের মান পূরণ করা সাপেক্ষে সেসব আসন লাভ করার অধিকার রয়েছে।
2. স্কুলগুলো একজন বদলি হওয়া বা সন্ধিযুক্ত ছেলেমেয়েকে তার অতীত সাসপেন্ড অবস্থার কারণে ভর্তি করতে অস্বীকার করতে পারবে না।

## VIII. লিস্ট নোটিস

লিস্ট নোটিস হলো কৌশলগত প্রক্রিয়া যার দ্বারা DOE ছেলেমেয়েদেরকে নিচে বর্ণিত নিয়ম অনুসারে একটি স্কুল রেজিস্টার থেকে আবেকটিতে বদলি করে:

A. একমাত্র পরিস্থিতি যখন কোনো স্কুল একটি ছেলেমেয়েকে লিস্ট নোটিস দিতে পারে, সেটা হলো, স্কুলের যদি সেটা গ্রেড 5-এর পূর্ববর্তী সমাপণী গ্রেড হয়ে থাকে এবং স্কুলটি ছেলেমেয়েকে সমাপণী গ্রেডে ছেলেমেয়ের জোন স্কুলে পরবর্তী শিক্ষা বছরের জন্য লিস্ট নোটিস দেয়। ছেলেমেয়ের যদি কোনো জোন স্কুল না থাকে অথবা পরিবার যদি অন্যান্য বিকল্পগুলো খুঁজে দেখতে চায়, তারা ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন করতে পারেন।

B. উপর্যুক্ত কারণ ছাড়া অন্য কোনো কারণে যখন কোনো স্কুল কোনো ছেলেমেয়েকে লিস্ট নোটিস দেয়, সেটা এই প্রবিধানের লঙ্ঘন হবে।

1. সেকশন I.E.3 অনুযায়ী, যেসব ছেলেমেয়ে একটি নির্দিষ্ট স্কুলে রেজিস্টার ও এনরোলড্ আছে, সে স্কুলের শেষ গ্রেড পর্যন্ত থাকার অধিকার তাদের আছে, এমন কী তারা যদি NYC-এর মধ্যে ভিন্ন জোন অথবা ডিস্ট্রিক্টে স্থানান্তরিত হয়ে চলেও যায়, এবং তাদেরকে নতুন জোন স্কুলে লিস্ট-নোটিস করা যাবে না। এমন ছেলেমেয়েকে শুধু নিচের সেকশন I.E.4-এ প্রদত্ত প্রক্রিয়ার রূপরেখা অনুযায়ী বদলি করা যাবে।

2. ছেলেমেয়েদেরকে তাদের চলমান স্কুল কর্তৃক অযথার্থভাবে ভিন্ন স্কুলে লিস্ট নোটিস করা ছেলেমেয়েদের তাদের পূর্ববর্তী স্কুলের রেজিস্টারে কিংবা যে স্কুলে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট-এর অফার দেওয়া স্কুলে, কিংবা ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস নির্ধারিত স্কুলে স্থান দেওয়া হবে।

C. ছেলেমেয়েদেরকে শুধু অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট কর্তৃক লিস্ট নোটিসের মাধ্যমে নিম্নলিখিত কারণে এক স্কুল থেকে অন্য স্কুলে স্থানান্তর ছেলেমেয়ে হয়:

1. সেই স্কুলের রেজিস্টারে ছেলেমেয়েকে স্থান দেওয়া, যে স্কুলটিতে ভর্তি প্রক্রিয়া অনুযায়ী সে অফার পেয়েছে;
2. শিক্ষা বছর শেষ হওয়ার পরে কিন্তু পরবর্তী শিক্ষা বছর শুরুর আগে NYC স্কুল ডিস্ট্রিক্ট-এ স্থানান্তরিত হওয়া বা পুনরায় ফিরে আসা ছেলেমেয়েদের প্লেসমেন্ট এবং একটি স্কুল নির্ধারণ হওয়া;
3. বন্ধ হওয়া, নতুন চালু করা বা পুনর্গঠন করা স্কুল।

## IX. ছাড় প্রদান

এই প্রবিধান বা এর কোন অংশ চ্যান্সেলর বা স্থলাভিষিক্ত ব্যক্তি মওকুফ করতে পারেন যদি তা NYC স্কুল ডিস্ট্রিক্ট-এর জন্য সবচেয়ে কল্যাণজনক বলে নিরূপিত হয়।

## X. অনুসন্ধান

এনরোলমেন্ট, অ্যাডমিশন এবং ট্রান্সফার সংক্রান্ত বিভিন্ন অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে: অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

ফোন: 718-935-2009

ফ্যাক্স: 212-374-5568

উপস্থিতির গাইডলাইন ও এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভোলাপমেন্ট – ম্যানডেটেড রেসপনসিবিলিটিজ

ফোন: 718-374-6095

ফ্যাক্স: 212-374-5751

ডিস্ট্রিক্ট 75 ভর্তি ও বদলি সম্পর্কিত সকল অনুসন্ধান ডিস্ট্রিক্ট 75-এ পাঠাতে হবে।

ফোন: 212-802-1500

ফ্যাক্স: 212-802-1678

ডিস্ট্রিক্ট 79 ভর্তি ও বদলি সম্পর্কিত সকল অনুসন্ধান ডিস্ট্রিক্ট 79-এ পাঠাতে হবে।

ফোন: 917-521-3639

ফ্যাক্স: 917-521-3649